আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তারা সর্বদা তাতে থাকবে। তাদের আযাব হালকা হবে না এবং তারা কোনো অবকাশ পাবে না।

সূরা আল ইমরান- ৮৮

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ২৬ অক্টোবর ২০২৬ ॥ ১৪ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ১০ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে বিশ্বমানের সিমেন্ট

এ্যাঙ্কর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বাংলাদেশ বিশ্বের অন্যতম জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশ: স্পিকার

কীর্তনখোলা ডেস্ক

স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেছেন, বাংলাদেশ বিশ্বের অন্যতম জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশ। সমুদ্রপৃষ্ঠের ২ এর পাতায় দেখুন

হাসিনার ফেরার গুঞ্জনে অস্থিরতা সৃষ্টির সুযোগ দেবো না: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিসেম্বরে দেশে ফেরার গুঞ্জন সৃষ্টি এবং এ ইস্যুকে ২ এর পাতায় দেখুন

সারাদেশে জামায়াতের নতুন কর্মসূচি ঘোষণা

কীর্তনখোলা ডেস্ক

নতুন কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। ২০০৬ সালের ২৮ অক্টোবর ঢাকায় সংঘটিত হত্যাকাণ্ডের বিচার ২ এর পাতায় দেখুন

সরকার ভারকের সাথে গোপন আঁতাত করছে: নাহিদ ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

শেখ হাসিনার তিন সংসদকে বিএনপি সরকার অবৈধ ঘোষণা করেনি বলে মন্তব্য করেছেন এনসিপির আহ্বায়ক ও বিরোধী ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে সৃষ্ট অতি প্রবল ঘূর্ণিঝড় আঘাত হানবে ১৪০ কিমি বেগে

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপটি ঘূর্ণিঝড়ে রূপ নিয়ে ক্রমে শক্তিশালী হতে পারে। পূর্বাভাস অনুযায়ী, এটি অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে আগামী ২৮ অক্টোবর ভারতের অন্ধ্রপ্রদেশ উপকূল অতিক্রম করতে পারে। এ সময় ঝড়টির কেন্দ্রে বাতাসের সর্বোচ্চ স্থায়ী গতিবেগ ঘণ্টায় ১১৫ থেকে ১২৫ কিলোমিটার থাকতে পারে। দমকা হাওয়ার বেগ ঘণ্টায় ১৪০ কিলোমিটার পর্যন্ত উঠতে পারে। ভারতীয় আবহাওয়াবিদ ড. চিন্ময় কুমার জেনার পূর্বাভাস অনুযায়ী, গভীর নিম্নচাপটি পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে ২৬ অক্টোবর সকাল নাগাদ পূর্ব-মধ্য ও সংলগ্ন দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। এরপর ২৭ অক্টোবর সকাল নাগাদ এটি মধ্য-পশ্চিম বঙ্গোপসাগরে প্রবল ঘূর্ণিঝড়ে (Severe Cyclonic Storm) পরিণত হতে পারে। পরবর্তী সময়ে ঝড়টি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আরও শক্তিশালী হওয়ার এবং অতি প্রবল ঘূর্ণিঝড়ের (Very Severe Cyclonic Storm) রূপ নেওয়ার আশঙ্কা রয়েছে। পূর্বাভাস অনুযায়ী, ২৮ অক্টোবর সকালে এটি পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে অন্ধ্রপ্রদেশ উপকূলের কাছাকাছি পৌঁছাতে পারে। এরপর ২৮ অক্টোবর দুপুরের দিকে বাপটলা ও বিশাখাপত্তনমের মধ্যবর্তী অন্ধ্রপ্রদেশ ও ইয়ানাম উপকূল অতিক্রম করতে পারে ঘূর্ণিঝড়টি। এ সময় বাতাসের সর্বোচ্চ স্থায়ী গতিবেগ ঘণ্টায় ১১৫ থেকে ১২৫ কিলোমিটার এবং দমকা হাওয়ার বেগ ২ এর পাতায় দেখুন

গ্রেফতারের পরদিনই জামিনে যুবলীগ নেতা প্রধানশিক্ষক

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় পুলিশের ওপর হামলার মামলায় প্রায় তিন বছর পর গ্রেপ্তার হওয়া ওয়ারেন্টভুক্ত আসামি মো. শহিদুল ইসলাম মোল্লা গ্রেপ্তারের পরদিন আদালত থেকে জামিন পেয়েছেন। শনিবার (২৪ অক্টোবর) সকালে তাকে আদালতে সোপর্দ করা হলে আদালত তার জামিন মঞ্জুর করেন। শুক্রবার (২৩ অক্টোবর) রাত সাড়ে ৯টার দিকে উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের সিরাজগঞ্জ বাজার থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। জামিনপ্রাপ্ত মো. শহিদুল ইসলাম মোল্লা দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাকুচিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। পুলিশ ও স্থানীয় জানায়, ২০২৩ সালের মার্চে মনপুরা উপজেলার ১নম্বর মনপুরা ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে ইউপি সদস্য প্রার্থী সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। ওই ঘটনায় কয়েকজন পুলিশ সদস্য আহত হন। পুলিশের ওপর হামলার অভিযোগে দায়ের করা মামলায় ২ এর পাতায় দেখুন

ছেলেকে চাকরি দেয়া সাবেক উপাচার্য স্বদেশ চন্দ্রের বিরুদ্ধে মামলা

পটুয়াখালী প্রতিনিধি

নিজের ছেলেসহ অন্যদের অবৈধভাবে নিয়োগ দেওয়া পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) সাবেক উপাচার্য স্বদেশ চন্দ্র সামন্তের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সরকারের ৮০ লাখ ৭৫ হাজার ১৩১ টাকা আর্থিক ক্ষতির অভিযোগে করা একই মামলায় বিশ্ববিদ্যালয়ের সাবেক রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) সন্তোষ কুমার বসুকেও আসামি করা হয়েছে। রোববার (২৫ অক্টোবর) দুদকের পটুয়াখালী সমন্বিত জেলা কার্যালয়ে মামলাটি দায়ের করা হয়। মামলার এজাহার সূত্রে জানা গেছে, সাবেক উপাচার্য স্বদেশ চন্দ্র সামন্ত ও সাবেক রেজিস্ট্রার সন্তোষ কুমার বসু পরস্পর যোগসাজশে ক্ষমতার অপব্যবহার করে বিশ্ববিদ্যালয়ে জনবল নিয়োগে অনিয়ম করেন। তারা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুমোদন ছাড়াই এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের অতিরিক্ত পদে জনবল নিয়োগের উদ্যোগ নেন। ২ এর পাতায় দেখুন

পুলিশি নিরাপত্তায় সাঈদীর মামলার বাদী মানিক পশারীর দাফন

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও জামায়াত নেতা মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর মানবতাবিরোধী অপরাধ মামলার বাদী মুক্তিযোদ্ধা মানিক পশারীর (৮৭) দাফন সম্পন্ন হয়েছে। রোববার (২৫ অক্টোবর) রাত দেড়টার দিকে পিরোজপুর সদর উপজেলার শংকরপাশা ইউনিয়নের চিতলিয়া গ্রামে তাঁর নিজ বাড়িতে পুলিশের নিশ্চিদ্র নিরাপত্তার মধ্য দিয়ে দাফন করা হয়। পুলিশ ও পরিবার সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে মানিক পশারী গোপালগঞ্জের টুঙ্গিপাড়া এলাকায় মেয়ের জামাতার বাড়িতে অবস্থান করছিলেন। সেখানে অসুস্থ হয়ে শনিবার (২৪ অক্টোবর) সকাল ১০টার দিকে তিনি মারা যান। মৃত্যুর পর শনিবার দুপুরে তাঁর মরদেহ পিরোজপুরে আনা হয়। নিয়ম অনুযায়ী রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার দেওয়ার জন্য মরদেহ সদর উপজেলা পরিষদ চত্বরে নেওয়া হলে সেখানে স্থানীয়দের সমাগম ২ এর পাতায় দেখুন

চতুর্থ ও ষষ্ঠ শ্রেণিতে অনুমোদন পেলো নতুন ৪ পাঠ্যবই

কীর্তনখোলা ডেস্ক

২০২৭ শিক্ষাবর্ষে চতুর্থ ও ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের জন্য নতুন চারটি পাঠ্যবই অনুমোদন দিয়েছে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি)। প্রয়োজনীয় পরিমার্জন সাপেক্ষে অনুমোদন পাওয়া পাঠ্যবইগুলো হলো–চতুর্থ শ্রেণির জন্য 'বাংলাদেশের সংস্কৃতি' ও 'খেলাধুলা' এবং ষষ্ঠ শ্রেণির জন্য 'লার্নিং উইথ হ্যাপিনেস' ও 'আমার কারিগরি শিক্ষা'। রোববার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এনসিসিসি কমিটির পৃথক দুটি সভায় এসব পাঠ্যপুস্তক অনুমোদন দেওয়া হয়। সভায় শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন প্রধান অতিথি হিসেবে ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

সামাজিক যোগাযোগ মাধ্যমে দলীয় এজেন্ডা

ইদানিং লক্ষ করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমে অত্যন্ত স্বাধীনভাবে নানান গুজব ও অপপ্রচার ছড়িয়ে যাচ্ছে নিষিদ্ধ ঘোষিত সংগঠনের নেতাকর্মীরা। বাকস্বাধীনতা ভোগের নামে তারা যা ইচ্ছে তাই গুজব ছড়িয়ে যাচ্ছে। ফ্যাসিস্ট আওয়ামী সরকারের আমলে মালামালের আকাশচুম্বি দাম থাকলেও নির্লজ্জের মতো সে সব ভুলে গিয়ে বর্তমান সরকারের নামে বিষদগার করে দেশে অস্থিতিশিলতা তৈরির অপতৎপরতা চালাচ্ছে।

এমনকি এরা বিরোধী দলের আন্দোলনের সুযোগ নিয়ে জামায়াত কিংবা এনসিপির নাম করে বিভিন্ন অপপ্রচার চালানোরও অপকৌশল নিচ্ছে। এদের মধ্যে বর্তমানে কর্মরত অনেক সরকারি চাকরিজীবীও রয়েছে। এমনকি কোনো ব্যক্তি সরকারের কোনো ভালো কাজের বাহবা দিয়ে পোস্ট করলে তা নিজে কমেন্ট বক্সে গিয়েও আজে-বাজে মন্তব্য করা তাদের দলীয় এজেন্ডা বলে বিবেচনা করা হচ্ছে। তাই ফ্যাক্ট চেকিংয়ের মাধ্যমে অত্যন্ত দ্রুত এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

হেদায়েত ইসলাম,বরিশাল

নজরুল বর্ষ উপলক্ষ্যে বিভাগীয় পর্যায়ের সাংস্কৃতিক প্রতিযোগিতায় প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বিজয়ীদের সাথে বরিশাল বিভাগীয় কমিশনার মো: খলিলুর রহমানসহ অন্যান্য অতিথিবৃন্দ -কীর্তনখোলা

চলতি বছর দেশে ডেঙ্গুতে প্রায় ৪শ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে একদিনে আরও সাতজনের মৃত্যু হয়েছে। এই সময়ে ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন আরও দুই হাজার ২৪৯ জন। রোববার (২৫ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গু-সংক্রান্ত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।এতে বলা হয়, ডেঙ্গুতে মারা যাওয়া ব্যক্তিদের মধ্যে পুরুষ চারজন ও নারী তিনজন। তাদের মধ্যে দুজনের বয়স ৫ বছরের মধ্যে এবং বাকিরা প্রাপ্তবয়স্ক।নতুন আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি বেশি ঢাকা বিভাগে, যার সংখ্যা ৬০৫ জন। এছাড়া খুলনায় ২৯৭, ঢাকা উত্তর সিটিতে ২২৭, রাজশাহীতে ২২৪, চট্টগ্রামে ২১৭ ২ এর পাতায় দেখুন

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে আবু নাসের রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর ১০ নম্বর ওয়ার্ডের কেডিসি এলাকায় অগ্নিকাণ্ডে বসতঘর হারানো অসহায় মায়া বেগমের পাশে দাঁড়িয়েছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। রবিবার (২৫ অক্টোবর) তিনি ক্ষতিগ্রস্ত পরিবারের খোঁজখবর নেন এবং আর্থিক সহায়তা প্রদান করেন। এর আগে, গত ২ অক্টোবর শুক্রবার সকাল ৭টার দিকে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে সৃষ্ট অগ্নিকাণ্ডে মায়া বেগমের বসতঘরটি সম্পূর্ণ পুড়ে যায়। এতে ঘরের আসবাবপত্রসহ প্রয়োজনীয় মালামাল পুড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। স্বামী মালেকের মৃত্যুর পর এমনিতেই অসহায় অবস্থায় ছিলেন মায়া বেগম। এর মধ্যে অগ্নিকাণ্ডে বসতঘর হারিয়ে তিনি চরম দুর্ভোগে পড়েন। ২ এর পাতায় দেখুন


শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

স্ত্রীকে শ্বাসরোধে হত্যার দায়ে চরফ্যাশনের মিজানের মৃত্যুদণ্ড

কীর্তনখোলা ডেস্ক

সাত বছর আগে রাজধানীর দক্ষিণ কেরানীগঞ্জে যৌতুকের দাবিতে স্ত্রী রেহানাকে শ্বাসরোধে হত্যার দায়ে স্বামী মো. মিজানুর রহমান ওরফে মিজান হোসেনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে এক লাখ টাকা অর্থদণ্ড দেয়া হয়েছে। রোববার (২৫ অক্টোবর) ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৪ এর বিচারক মুন্সী মো. মশিয়ার রহমান এ রায় ঘোষণা করেন। সংশ্লিষ্ট ট্রাইব্যুনালের স্পেশাল পাবলিক প্রসিকিউটর (পিপি) মো. এরশাদ আলম (জর্জ) রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত মিজানুর রহমান ভোলার চরফ্যাশন থানার পূর্ব মাদ্রাজ খাঁ বাড়ির মো. শামসুল ইসলাম ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** ঝালকাঠি সদর ও নলছিটি, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, কলাপাড়া, কুয়াকাটা, **ভোলা জেলা:** ভোলা সদর তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** পিরোজপুর সদর, নাজিরপুর ও **বরিশাল জেলা:** গৌরনদী, উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক, ০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

জরুরি পদক্ষেপ নিন

সিসা নীরব ঘাতক। গন্ধহীন, স্বাদহীন ও অদৃশ্য বিষাক্ত এই ভারী ধাতু মানুষের স্বাস্থ্যকে তিলে তিলে ধ্বংস করে। বিশেষ করে শিশুদের বিকাশে মারাত্মক প্রভাব ফেলে। উদ্বেগের বিষয় হলো, বাংলাদেশের বিভিন্ন স্থানে মাত্রাতিরিক্ত সিসার উপস্থিতি রয়েছে, যা নানাভাবে মানবদেহে প্রবেশ করছে এবং ভয়াবহ ক্ষতির কারণ হয়ে দাঁড়াচ্ছে। প্রকাশিত খবরে জানা যায়, শিল্পাঞ্চলের আশপাশে বসবাসকারী প্রতি ১০ শিশুর মধ্যে আটজনের শরীরে ঝুঁকিপূর্ণ মাত্রায় সিসা রয়েছে। গর্ভবতী মায়েদের শরীরেও ক্ষতিকর মাত্রায় সিসার উপস্থিতি পাওয়া গেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলছে, রক্তে প্রতি ডেসিলিটারে পাঁচ মাইক্রোগ্রামের বেশি সিসার উপস্থিতি উদ্বেগজনক। এদিকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ও ইউনিসেফের ২০২৫ সালের জরিপে দেখা গেছে, শিল্পাঞ্চলের কাছাকাছি বসবাসকারী ৮০.৬ শতাংশ শিশুর রক্তে সিসার মাত্রা প্রতি ডেসিলিটারে পাঁচ মাইক্রোগ্রাম বা তার বেশি। ১২ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ৩৮.৪ শতাংশের রক্তে সিসার মাত্রা প্রতি ডেসিলিটারে পাঁচ মাইক্রোগ্রাম বা তার বেশি। অর্থাৎ পাঁচ বছরের কম বয়সী প্রতি ১০ শিশুর প্রায় চারজন সিসার ঝুঁকিতে। অন্যদিকে গর্ভবতী নারীদের ৭.৫ শতাংশের রক্তেও সিসার মাত্রা নির্ধারিত সীমায় বা তার বেশি পাওয়া গেছে। বিবিএসের জরিপের বিভাগভিত্তিক হিসাব বলছে, শিশুদের রক্তে সিসার উপস্থিতির হার সবচেয়ে বেশি ঢাকা বিভাগে। এই বিভাগের ৬৫.২ শতাংশ শিশুর রক্তে সিসার মাত্রা নির্ধারিত সীমার বেশি। সিলেটে এই হার ৪৬.৭ শতাংশ এবং চট্টগ্রামে ৪২.১ শতাংশ। ময়মনসিংহে ৩০.৬ শতাংশ, বরিশালে ২৯ শতাংশ, রংপুরে ১৯.৬ শতাংশ, খুলনায় ১৭.৮ শতাংশ এবং রাজশাহীতে ১৫.৯ শতাংশ। জাতীয় গড় ৩৮.৪ শতাংশ। এমন বাস্তবতায় বাংলাদেশে পালিত হচ্ছে আন্তর্জাতিক সিসা বিষক্রিয়া প্রতিরোধ সপ্তাহ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার উদ্যোগে ১৮ থেকে ২৪ অক্টোবর পর্যন্ত চলা এই কর্মসূচির প্রতিপাদ্য 'শনাক্তকরণ থেকে প্রতিরোধ'। প্রধান লক্ষ্য হলো, সিসার বিষক্রিয়া ঘটার আগেই দূষণের উৎস শনাক্ত করে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া। সিসাদূষণের উৎস কী? শিল্পবর্জ্য, পুরনো ব্যাটারি পুনর্ব্যবহার, দূষিত ধুলা-মাটি, রং ও বিভিন্ন পণ্যের মাধ্যমে সিসা মানুষের শরীরে প্রবেশ করছে। এ ছাড়া খেলনা, প্রসাধনী, খাবার, গৃহস্থালি পণ্য বা শহরের পরিবেশের দূষিত ধুলা-মাটি এর সম্ভাব্য উৎস হতে পারে। রাজধানীতে পাইপের পানির সংযোগ থাকা পরিবারের শিশুদের মধ্যে সিসার মাত্রা বেশি পাওয়া গেছে। অন্যদিকে দরিদ্র পরিবারের তুলনায় ধনী পরিবারে শিশুদের শরীরে তুলনামূলক বেশি মাত্রায় সিসার উপস্থিতি দেখা গেছে। এসব বিষয়ে পৃথক ও বিস্তারিত গবেষণা হওয়া জরুরি। হতাশার দিক হলো, শিশুদের বিকাশে সিসা মারাত্মক ক্ষতিকর হলেও এ নিয়ে তেমন সচেতনতা নেই বললেই চলে। বিশেষজ্ঞরা বলছেন, শৈশবে সিসার সংস্পর্শ মস্তিষ্কের বিকাশ, শেখার ক্ষমতা ও আচরণে দীর্ঘমেয়াদি ক্ষতি করতে পারে। গর্ভাবস্থায় সিসার সংস্পর্শও উদ্বেগজনক। কারণ সিসা মায়ের শরীর থেকে ভ্রূণের কাছে পৌঁছতে পারে।

বঙ্গোপসাগরে সৃষ্ট অতি প্রবল ঘূর্ণিঝড়

ঘণ্টায় ১৪০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। ঘূর্ণিঝড়টির নাম হবে 'অর্ণব'। নামটি বাংলাদেশের দেওয়া, যার অর্থ সাগর। বঙ্গোপসাগর ও আরব সাগরে সৃষ্ট ঘূর্ণিঝড়ের নামকরণ করে এ অঞ্চলের ১৩টি দেশ। বিশ্ব আবহাওয়া সংস্থার (ডব্লিউএমও) আঞ্চলিক কমিটির সদস্য বাংলাদেশ, ভারত, ইরান, মালদ্বীপ, মিয়ানমার, ওমান, পাকিস্তান, কাতার, সৌদি আরব, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, সংযুক্ত আরব আমিরাত ও ইয়েমেন ঘূর্ণিঝড়ের নামের তালিকা দেয়। দেশগুলোর দেওয়া নাম পর্যায়ক্রমে ব্যবহার করা হয়। একই সময়ে একাধিক ঘূর্ণিঝড় সৃষ্টি হলে সেগুলোকে সহজে শনাক্ত করার সুবিধার্থে নামকরণের প্রচলন শুরু হয়। নির্ধারিত তালিকা অনুযায়ী, বর্তমান ঝড়টি ঘূর্ণিঝড়ে পরিণত হলে এর নাম হবে 'অর্ণব'। ঘূর্ণিঝড়টির প্রভাবে বাংলাদেশের দক্ষিণাঞ্চলেও বৃষ্টিপাত বাড়তে পারে। এরই মধ্যে চট্টগ্রাম অঞ্চলে বৃষ্টির প্রবণতা বেড়েছে। বাংলাদেশের আবহাওয়াবিদ মো. শাহীনুল ইসলাম জানিয়েছেন, আগামী পাঁচ দিন দেশে বৃষ্টির প্রবণতা ধীরে ধীরে বাড়তে পারে। সোমবার (২৬ অক্টোবর) চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। মঙ্গলবার (২৭ অক্টোবর) খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বুধবার (২৮ অক্টোবর) খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এরপর ধীরে ধীরে বৃষ্টির প্রবণতা কমতে পারে। ঘূর্ণিঝড়টি অন্ধ্রপ্রদেশ উপকূল অতিক্রম করতে পারে বলে ভারতের কয়েকটি রাজ্যে ভারী থেকে অতিভারী বৃষ্টির আশঙ্কা করা হচ্ছে। ভারতীয় আবহাওয়াবিদ ড. চিন্ময় কুমার জেনার পূর্বাভাস অনুযায়ী, ৩০ অক্টোবর পর্যন্ত আন্দামান দ্বীপপুঞ্জ, অন্ধ্রপ্রদেশ, ওড়িশা, তেলেঙ্গানা, ছত্তিশগড়, ঝাড়খণ্ড ও বিহারে ঝড়ের প্রভাবে অতিভারী বৃষ্টি হতে পারে। এ ছাড়া পশ্চিমবঙ্গ ও সিকিমে মাঝারি ধরনের বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পূর্বাভাসে বলা হয়েছে, ২৬ অক্টোবর সকাল থেকে পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর উত্তাল এবং ২৭ অক্টোবর সকাল নাগাদ অত্যন্ত উত্তাল হয়ে উঠতে পারে। ২৮ অক্টোবর সকাল থেকে দুপুরের মধ্যে সাগরের পরিস্থিতি অত্যন্ত প্রতিকূল হওয়ার আশঙ্কা রয়েছে। একই সময়ে অন্ধ্রপ্রদেশ ও ইয়ানাম উপকূলের আশপাশের সমুদ্রও উত্তাল থেকে অত্যন্ত উত্তাল হয়ে উঠতে পারে। এ পরিস্থিতিতে ২৬ অক্টোবর পর্যন্ত পূর্ব-মধ্য ও দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এবং আন্দামান দ্বীপপুঞ্জের আশপাশে মাছ ধরতে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। এ ছাড়া ২৬ থেকে ২৮ অক্টোবর পশ্চিম-মধ্য, উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে এবং ২৭ ও ২৮ অক্টোবর অন্ধ্রপ্রদেশ-ওড়িশা উপকূলের আশপাশে সমুদ্রে না যেতে জেলেদের সতর্ক করা হয়েছে। ২৭ ও ২৮ অক্টোবর অন্ধ্রপ্রদেশের উপকূলীয় এলাকা এবং দক্ষিণ ওড়িশার সংলগ্ন অঞ্চলে ঘূর্ণিঝড়ের প্রভাবে ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। পূর্বাভাস অনুযায়ী, কাঁচা ঘরবাড়ি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে এবং খড়ের ছাউনি দেওয়া ঘর পুরোপুরি ধ্বংস হওয়ার আশঙ্কা রয়েছে। পাকা বাড়িও ক্ষতিগ্রস্ত হতে পারে। বিদ্যুৎ ও যোগাযোগের খুঁটি বাঁকা হয়ে যাওয়া বা উপড়ে পড়ার পাশাপাশি গাছের ডাল ভেঙে যাওয়া এবং বড় গাছ উপড়ে পড়তে পারে। এ ছাড়া ফসল, বাগান ও ফলের গাছের ব্যাপক ক্ষতির আশঙ্কা রয়েছে। সড়ক, রেলপথ, বিদ্যুতের ওভারহেড লাইন ও সংকেতব্যবস্থায় বিঘ্ন ঘটতে পারে। ছোট নৌকা ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি নোঙর করা নৌযানও বিচ্ছিন্ন হয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে। ঝড়ের সময় দৃশ্যমানতা মারাত্মকভাবে কমে যেতে পারে। ভারী বৃষ্টিতে বড় শহরগুলোর রাস্তায় পানি জমে যান চলাচল ব্যাহত হওয়ার পাশাপাশি জরুরি বহির্গমন পথেও পানি ঢুকতে পারে। এ কারণে যাত্রার আগে সংশ্লিষ্ট এলাকার আবহাওয়া, সড়কের অবস্থা ও যান চলাচলের পরিস্থিতি সম্পর্কে খোঁজ নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

স্ত্রীকে শ্বাসরোধে হত্যার দায়ে

ও রোসনা বেগমের ছেলে। তিনি দক্ষিণ কেরানীগঞ্জের চর মীরেরবাগে ভাড়া বাসায় থাকতেন। এদিন রায় ঘোষণার আগে আসামিকে আদালতে আনা হয়। রায় শেষে সাজা পরোয়ানা দিয়ে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত। মামলার এজাহার সূত্রে জানা যায়, ঘটনার (২০১৯) প্রায় ১১ বছর আগে শরিয়ত অনুযায়ী রেহানার সঙ্গে মিজানের বিয়ে হয়। তাদের দাম্পত্য জীবনে দুটি কন্যা সন্তান রয়েছে। বিয়ের পর থেকেই বিভিন্ন সময় যৌতুকের দাবিতে রেহানার ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালাতেন মিজান। ভিকটিমের পরিবার বিভিন্ন সময় তাকে আসবাবপত্র, স্বর্ণালংকার এমনকি বাড়ি নির্মাণের জন্য টিনের ঘরও তুলে দেয়। হত্যাকাণ্ডের প্রায় ২০ দিন আগে মিজান পুনরায় রেহানার পরিবারের কাছে ৫০ হাজার টাকা যৌতুক দাবি করেন। পরে রেহানার ভাই বিকাশের মাধ্যমে ২ হাজার টাকা পাঠান। কিন্তু বাকি টাকার জন্য রেহানাকে আবারও মারধর করা হয়। একপর্যায়ে ২০১৯ সালের ২৫ জুলাই সকাল ৭টার আগে যেকোনো সময় দক্ষিণ কেরানীগঞ্জের চর মীরেরবাগের ভাড়া বাসায় রেহানাকে গলা টিপে শ্বাসরোধ করে হত্যা করেন মিজান। পরদিন ২৬ জুলাই দক্ষিণ কেরানীগঞ্জ থানায় মামলা দায়ের করেন রেহানার বড় ভাই মো. আব্বাস। মামলা দায়েরের পর অভিযুক্ত মিজানকে গ্রেপ্তার করে পুলিশ। এরপর মিজান আদালতে স্বেচ্ছায় দোষ স্বীকার করে ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। তদন্ত শেষে ২০১৯ সালের ২৯ ডিসেম্বর তদন্তকারী কর্মকর্তা পুলিশের এসআই মো. আক্কাস মিয়া আদালতে অভিযোগপত্র (চার্জশিট) দাখিল করেন। পরে আদালত আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করে মামলার বিচার শুরুর আদেশ দেন। বিচার চলাকালে আদালত মোট ১০ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করেন।

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের

এমন পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়িয়ে তাদের খোঁজখবর নেন আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। একই সঙ্গে তিনি পরিবারটিকে আর্থিক সহায়তা দেন এবং তাদের দুর্দশা লাঘবে সহযোগিতার হাত বাড়িয়ে দেন। এদিকে, একই দিন বরিশাল সরকারি বিএম কলেজ ছাত্রদল নেতা সজলের বাবা মরহুম মুক্তিযোদ্ধা আবদুস সোবাহান তালুকদারের কবর জিয়ারত করেন আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। পরে তিনি মরহুমের বাসভবনে গিয়ে শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান এবং তাদের খোঁজখবর নেন। অসহায় ও বিপদগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা প্রকাশের মধ্য দিয়ে মানবিক দায়িত্ব পালনে তার এ উদ্যোগ স্থানীয়ভাবে গুরুত্ব বহন করছে।

পুলিশি নিরাপত্তায় সাঈদীর মামলার

ঘটে। এ সময় মরদেহ দাফন ও গার্ড অব অনার প্রদানকে কেন্দ্র করে স্বজনদের স্থানীয়দের তোপের মুখে পড়তে হয়। পরিস্থিতি বিবেচনায় পুলিশের সহায়তায় মরদেহ দ্রুত পিরোজপুর পুলিশ লাইন্সে নিয়ে যাওয়া হয়। পরে বিকেল ৫টার দিকে উপজেলা প্রশাসনের উদ্যোগে সেখানে তাঁকে গার্ড অব অনার দেওয়া হয়। গার্ড অব অনার শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তরের কথা থাকলেও উৎসুক জনতার বিশৃঙ্খলা ও বাধার আশঙ্কায় তা তাৎক্ষণিকভাবে সম্ভব হয়নি। রাত ১২টা পর্যন্ত মরদেহটি পুলিশ লাইন্সে পুলিশের হেফাজতে রাখা হয়। পরে সদর থানা পুলিশের উদ্যোগে এবং জেলা জামায়াতে ইসলামীর নেতাদের সহায়তায় গভীর রাতে মরদেহটি তাঁর নিজ বাড়িতে পৌঁছে দেওয়া হয়। রাত দেড়টার দিকে দাফন সম্পন্ন হয়। এ সময় পরিবারের সদস্য ও স্থানীয়রা উপস্থিত ছিলেন। এ বিষয়ে মানিক পশারীর ছোট বোন মোছাম্মৎ রিনা আক্তার বলেন, "আমার ভাই মারা গেছেন। প্রথমে আমরা তাঁকে দাফনের জন্য নিয়ে আসি। কিন্তু পরিস্থিতি অনুকূলে না থাকায় দাফন করতে না পেরে আমরা বিপাকে পড়েছিলাম। পরে প্রশাসনের সহযোগিতায় রাতে বাড়িতে এনে দাফনের কাজ শেষ করা হয়েছে।" পিরোজপুর জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি আব্দুর রাজ্জাক বলেন, "মানিক পশারীর লাশ দাফনে পিরোজপুর জেলা জামায়াত বা এর অঙ্গসংগঠনের কোনো নেতাকর্মী কোনো প্রকার বাধা সৃষ্টি করেননি। জামায়াতে ইসলামী লাশের রাজনীতি করে না। তাই পিরোজপুর সদর থানা পুলিশকে পুরোপুরি সহায়তা করে আমরা লাশ দাফন সম্পন্ন করেছি।" পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শরিফুল ইসলাম বলেন, "পুলিশের নিশ্ছিদ্র নিরাপত্তার মধ্য দিয়ে মানিক পশারীর লাশ দাফন সম্পন্ন করা হয়েছে। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে এবং আইনশৃঙ্খলা রক্ষায় কবরের পাশে অতিরিক্ত পুলিশ মোতায়েন রাখা হয়েছে।" উল্লেখ্য, মানিক পশারী পিরোজপুর সদর উপজেলার শংকরপাশা ইউনিয়নের চিতলিয়া গ্রামের বাসিন্দা ছিলেন। তিনি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জামায়াত নেতা মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধ মামলার বাদী ছিলেন।

চলতি বছর দেশে ডেঙ্গুতে

বরিশালে ২১১, ঢাকা দক্ষিণ সিটিতে ২০১, ময়মনসিংহে ১৫৫, রংপুরে ৮২ ও সিলেটে ৩০ জন ভর্তি হয়েছেন। জানুয়ারি থেকে এ পর্যন্ত ডেঙ্গুতে ৩৮৪ জন মারা গেছেন। এই সময়ে মোট আক্রান্ত হয়েছেন এক লাখ ২৩ হাজার ৯৪৮ জন।মোট মারা যাওয়া ব্যক্তিদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ৩৮৪ জনের মধ্যে নারী ৫২ দশমিক ৮ শতাংশ এবং পুরুষ ৪৭ দশমিক ২ শতাংশ। মাসের হিসাব অনুযায়ী, জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে, মার্চ ও এপ্রিলে শূন্য, মে মাসে এক ও জুনে ১৩ জন প্রাণ হারান। এরপর পরিস্থিতির অবনতি হতে থাকে। জুলাইয়ে ৩৬ এবং আগস্টে ৪৩ জন মারা যান। সেই তুলনায় সেপ্টেম্বরে অবস্থার আরও অবনতি ঘটে। প্রাণহানি হয় ১৪৮ জনের। আর চলতি অক্টোবরে এখন পর্যন্ত মৃত্যু হয়েছে ১৩৯ জনের।ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ১০৯, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে ৫০ ও সিটি করপোরেশনের বাইরে ২৪ জন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ৬৮, চট্টগ্রামে ৩৭, বরিশালে ২৮, ময়মনসিংহে ৩৩, রাজশাহীতে ২৫, রংপুরে সাত ও সিলেটে চারজন মারা গেছেন।রোগীর মাসভিত্তিক হিসাবমতে, অক্টোবরে এখন পর্যন্ত ৪৪ হাজার ৩২৮ জন ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। আগের মাস সেপ্টেম্বরে এই সংখ্যা ছিল ৪৩ হাজার ৭৭৪ জন।এর আগে জানুয়ারিতে এক হাজার ৮১, ফেব্রুয়ারিতে ৪০৯, মার্চে ৩৫৩, এপ্রিলে ৬৪০, মে মাসে ৭১৪, জুনে দুই হাজার ৯০৭, জুলাইয়ে নয় হাজার ২০৬ ও আগস্টে ২০ হাজার ৫৩৬ জন হাসপাতালে আসেন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন এক লাখ ১৭ হাজার ৪০০ জন।

চতুর্থ ও ষষ্ঠ শ্রেণিতে অনুমোদন

উপস্থিত ছিলেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জেসমিন নাহারের সভাপতিত্বে সভায় আরও ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ, প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী গিয়াস উদ্দিন, প্রধান তথ্য কমিশনার ড. নাহরিন ইসলাম খান, প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবু আব্দুল্লাহ এম ছালেহসহ কমিটির অন্য সদস্যরা।

গ্রেফতারের পরদিনই জামিনে

শহিদুল ইসলাম মোল্লার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি ছিল। মনপুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাজহারুল ইসলাম জানান, পুলিশের ওপর হামলার মামলায় গ্রেপ্তারি পরোয়ানা থাকায় শহিদুল ইসলাম মোল্লাকে গ্রেপ্তার করা হয়। পরে তাকে আদালতে পাঠানো হলে আদালত জামিন দেন।

ছেলেকে চাকরি দেয়া সাবেক উপাচার্য

অভিযোগে বলা হয়, নিজেদের পছন্দের প্রার্থীদের নিয়োগ দিতে বাছাই বোর্ডের সদস্যদের অবৈধভাবে প্রভাবিত করেন অভিযুক্তরা। পরে সাবেক উপাচার্যের ছেলেসহ অন্যদের নিয়োগ নিশ্চিত করতে রিজেন্ট বোর্ডের রেজুলেশন তৈরি ও অনুমোদন করা হয়। এর মাধ্যমে নিয়মবহির্ভূতভাবে সংশ্লিষ্টদের চাকরি দেওয়া হয়। দুদকের অভিযোগ অনুযায়ী, এসব নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে বেতন-ভাতা বাবদ মোট ৮০ লাখ ৭৫ হাজার ১৩১ টাকা পরিশোধ করা হয়েছে। এতে সরকারের সমপরিমাণ আর্থিক ক্ষতি হয়েছে। ক্ষমতার অপব্যবহার ও অপরাধমূলক অসদাচরণের মাধ্যমে নিজেদের এবং অন্যদের লাভবান করার উদ্দেশ্যে এ অনিয়ম করা হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়। এ ঘটনায় সাবেক উপাচার্য স্বদেশ চন্দ্র সামন্ত ও সাবেক রেজিস্ট্রার সন্তোষ কুমার বসুর বিরুদ্ধে ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা এবং দণ্ডবিধির ৪০৯ ও ১০৯ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

সভাপতি কবির ও সম্পাদক হাসান

আলীগঞ্জ সিনিয়র মাদরাসার প্রাক্তন ছাত্র ফোরামের নতুন কমিটি গঠন

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

রাজধানীর পিয়াংকিং চাইনিজ রেস্টুরেন্ট, মিরপুর ১০,ঢাকা। গত ১৬ অক্টোবর ২০২৬, শুক্রবার, প্রাক্তন ছাত্রফোরাম ঐতিহ্যবাহী আলীগঞ্জ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার উদ্যোগে মরহুম মাওলানা ইদ্রিস হুজুরসহ প্রয়াত শিক্ষকদের স্মৃতিচারণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রয়াত শিক্ষকদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং তাঁদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়। অনুষ্ঠানে প্রাক্তন ছাত্র ফোরামের উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী পূর্বের কমিটি বিলুপ্ত করে আগামী তিন বছরের জন্য নতুন কমিটি ঘোষণা করা হয়। নতুন কমিটিতে মোঃ কবির হোসেন মাতাব্বরকে সভাপতি এবং কবি নজরুল সরকারি কলেজ ছাত্রদলের সাবেক সহ সভাপতি মোঃ হাসান মাহমুদকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে। কমিটির অন্যান্য পদে রয়েছেন–সিনিয়র সহ-সভাপতি মোঃ কবির হোসেন রাড়ী, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জাহিদ হাসান সম্রাট এবং সাংগঠনিক সম্পাদক হাফেজ মোহাম্মদ শহীদুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত প্রাক্তন ছাত্রদের সামনে উপদেষ্টা পরিষদের সদস্যরা সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকের উপস্থিতিতে নতুন কমিটি ঘোষণা করেন। এ সময় উপস্থিত প্রাক্তন ছাত্ররা উপদেষ্টা পরিষদের সিদ্ধান্তকে স্বাগত জানায়।। নবগঠিত পাঁচ সদস্যের কমিটিকে যত দ্রুত সম্ভব পূর্ণাঙ্গ কমিটি গঠনের দায়িত্ব দেওয়া হয়েছে। সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, নতুন নেতৃত্বের মাধ্যমে প্রাক্তন ছাত্রফোরামের সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল হবে। পাশাপাশি মাদ্রাসার প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ ও ঐক্য সুদৃঢ় হবে এবং প্রিয় শিক্ষকদের স্মৃতি সংরক্ষণ ও মাদ্রাসার কল্যাণে ফোরামের কার্যক্রম আরও সম্প্রসারিত হবে।

সরকার ভারকের সাথে

দলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, জ্বালানি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ৩০ অক্টোবরের বিক্ষোভ সফল করতে মিরপুরে এনসিপির ঢাকা মহানগর উত্তরের পথসভা ও লিফলেট বিতরণের সময় এ মন্তব্য করেন তিনি। রোববার (২৫ অক্টোবর) সন্ধ্যায় ফেসবুকে এক পোস্ট দিয়ে এসব কথা লিখেন তিনি।বক্তব্যে নাহিদ ইসলাম বলেন, 'আমরা আমাদের বক্তব্যে বলেছি যে বর্তমান সরকার অবৈধ সরকার। কারণ এই সরকার জনগণের ৭০ শতাংশ রায়ের সঙ্গে অবমাননা করেছে। বিএনপি শেখ হাসিনার তিনটি সংসদকে অবৈধ বলে। আমরাও মনে করি অবৈধ। কিন্তু আইনগতভাবে এটা বলার সুযোগ নেই। কারণ বিএনপি সরকার ওই তিনটি সংসদকে অবৈধ বলে ঘোষণা করেনি। এখনো সুযোগ রয়েছে সংবিধান সংস্কার পরিষদ গঠন করে সেই অবৈধ সংসদের ধারাবাহিকতা এবং সংবিধানের ধারাবাহিকতা থেকে বের হয়ে আমরা নতুনভাবে বাংলাদেশকে নেতৃত্ব দেওয়ার এবং নতুনভাবে বাংলাদেশকে গঠন করার।'নাহিদ ইসলাম বলেন, 'পুরোনো ধারাবাহিকতা রক্ষা হলে একদলীয় সংবিধান সংশোধন কমিটি যদি সবচাইতে ভালো সংশোধনীটাও আনেন, ভবিষ্যতে এমন হতে পারে সে সংশোধনী বাতিল করে বর্তমান সরকার এবং অন্তর্বর্তী সময়টাকে অবৈধ হিসেবে ঘোষণা করা হবে।'তিনি বলেন, 'আমরা দেখেছি কীভাবে পঞ্চম সংশোধনী বাতিল করে জিয়াউর রহমানকে একজন ক্ষমতা দখলদার হিসেবে আওয়ামী লীগ ইতিহাসে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছিল। ফলে এটা যে তারেক রহমানের সঙ্গে হবে না এটার কিন্তু কোনো নিশ্চয়তা নেই। ফলে নিশ্চয়তা হবে এবং তারেক রহমানের ভালোর জন্যই আমরা বলছি অবিলম্বে সংবিধান সংস্কার পরিষদ গঠন করে পুরনো সংসদ, পুরনো অবৈধ সরকার এবং যে পুরনো ফ্যাসিস্ট সংবিধান সেই সাংবিধানিক কাঠামো ধারাবাহিকতা থেকে বের হয়ে বাংলাদেশের নতুনভাবে গণতান্ত্রিক বন্দোবস্ত প্রতিষ্ঠা করুন।'আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নাহিদ বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতির এখন সমতল থেকে পাহাড়ে গিয়ে পৌঁছেছে। পাহাড় অশান্ত কেন এটার সুস্পষ্ট বক্তব্য দিতে হবে। স্বরাষ্ট্রমন্ত্রীর কাছ থেকে আমরা কোনো সুস্পষ্ট বক্তব্য পাচ্ছি না। আমরা দেখতে পাচ্ছি সরকার পাহাড়কে শান্ত রাখতে, স্থিতিশীল রাখতে ব্যর্থ হয়েছে। পাহাড়ে কারা অস্থিতিশীলতা করছে, বিচ্ছিন্নতাবাদী সন্ত্রাসী গোষ্ঠী কিভাবে তৎপরতা এবং ষড়যন্ত্র করার চেষ্টা করছে এটা জনগণের সামনে সুস্পষ্টভাবে বলতে হবে। কারণ এটা বাংলাদেশের সার্বভৌমত্বের প্রশ্ন।তিনি বলেন, 'সরকার গোপন আঁতাত করছে ভারতের সঙ্গে। এই গোপন আঁতাতের ফলেই পাহাড়কে অশান্ত করার চেষ্টা করা হচ্ছে নানাভাবে।' কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনসিপির আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। পথসভায় এনসিপির সদস্যসচিব আখতার হোসেন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে এনসিপির মেয়রপ্রার্থী আসিফ মাহমুদ, রাজনৈতিক পর্ষদ সদস্য সারোয়ার তুষার, সালেহ উদ্দিন সিফাত, নুসরাত তাবাসসুম এমপিসহ কেন্দ্রীয় ও মহানগর নেতারা বক্তব্য দেন।

সারাদেশে জামায়াতের

দাবিতে দুই দিনের কর্মসূচি ঘোষণা করেছে দলটি। কর্মসূচির মধ্যে রয়েছে, ঢাকায় আলোচনা সভা এবং সারা দেশে বিক্ষোভ, আলোচনা সভা ও দোয়া মাহফিল। রোববার (২৫ অক্টোবর) এক বিবৃতিতে এ কর্মসূচি ঘোষণা করেন জামায়াতের সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ার। ঘোষিত কর্মসূচি অনুযায়ী, আগামী ২৭ অক্টোবর ঢাকায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে জামায়াতের আমির প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেবেন। পরদিন ২৮ অক্টোবর সারা দেশে বিক্ষোভ, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হবে। বিবৃতিতে মিয়া গোলাম পরওয়ার বলেন, ২০০৬ সালের ২৮ অক্টোবর ঢাকার রাজপথে লগি-বৈঠা নিয়ে সংঘটিত সহিংসতা ও হত্যাকাণ্ড বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের একটি কলঙ্কজনক অধ্যায়। তার দাবি, ওই ঘটনার মধ্য দিয়ে দেশে দীর্ঘ দুই দশকের ফ্যাসিবাদ, গণতন্ত্র হত্যা ও নাগরিক অধিকার হরণের সূচনা হয়েছিল। তিনি আরও বলেন, ওই ঘটনার দুই দশক পূর্ণ হতে চললেও হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের বিচার হয়নি। এ ঘটনায় জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার করে বিচারের আওতায় আনতে সরকারের প্রতি দাবি জানান তিনি। বিবৃতিতে জামায়াতের সব শাখাকে ঘোষিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানানো হয়েছে। পাশাপাশি কর্মসূচি সফল করতে কৃষক, শ্রমিক, ছাত্র-জনতাসহ সব শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা চেয়েছে দলটি।

হাসিনার ফেরার গুঞ্জনে

কেন্দ্র করে বাংলাদেশে কাউকে কোনো অস্থিরতা সৃষ্টির সুযোগ দেওয়া হবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (২৫ অক্টোবর) বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সালাহউদ্দিন আহমদ বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে আমরাও শুনছি, ফ্যাসিস্ট শেখ হাসিনা ডিসেম্বরে বাংলাদেশে আসতে চান। তাকে ফেরত পাওয়ার জন্য প্রত্যর্পণ চুক্তি অনুসারে আমাদের প্রতিবেশী দেশের কাছে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কয়েক দফা অনুরোধপত্র পাঠিয়েছি। আমাদের অবস্থান পরিষ্কার। ডিসেম্বরে শেখ হাসিনার দেশে ফেরার গুঞ্জন এবং এ নিয়ে সরকারের প্রস্তুতি সম্পর্কে জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অতীতের ফ্যাসিবাদী শক্তির এ ধরনের অপপ্রয়াস প্রথম থেকেই চালু ছিল। তারা বাংলাদেশে অস্থিরতা সৃষ্টি করতে চায় এবং ঘোলা পানিতে মাছ শিকার করতে চায়। 'বাংলাদেশে কোনো ধরনের অস্থিরতা সৃষ্টির সুযোগ দেওয়া হবে না– কোনো অপশক্তি হোক কিংবা পতিত শক্তি, ফ্যাসিস্ট, পলাতক অপরাধী বা গণহত্যাকারী; গণ-অভ্যুত্থানের মুখে যারা দেশ ছেড়ে পালাতে বাধ্য হয়েছে এবং দেশের শত শত নাগরিককে হত্যা করেছে, বাংলাদেশে তাদের কোনো অপতৎপরতা আর চলতে দেওয়া হবে না'– বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

বাংলাদেশ বিশ্বের অন্যতম

উচ্চতা বৃদ্ধির ফলে উপকূলীয়, হাওড় ও নদীতীরবর্তী অঞ্চলের মানুষের জীবিকা ক্রমাগত বিপন্ন হয়ে পড়েছে।তিনি বলেন, মানুষের জীবনমান উন্নয়নে সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সুযোগ রয়েছে।রোববার (২৫ অক্টোবর) স্পিকারের সঙ্গে উইনরক ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট ও সিইও মাকসোদা মাকসোদির নেতৃত্বে প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতে এ কথা বলেন স্পিকার।স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, উইনরক ইন্টারন্যাশনাল চার দশকেরও বেশি সময় ধরে চলমান অংশীদারত্বের ধারাবাহিকতায় কাজ করছে। বাংলাদেশের জাতীয় অগ্রাধিকার জলবায়ু পরিবর্তন এবং সামাজিক সুরক্ষায় উইনরক ইন্টারন্যাশনাল ইতিবাচক ভূমিকা পালন করছে।তিনি বলেন, বাংলাদেশ তুলনামূলকভাবে কম কার্বন নিঃসরণ করে। কিন্তু কার্বন ডাই-অক্সাইড গ্যাস নিঃসরণের ফলে ক্ষতিগ্রস্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশ সবচেয়ে ঝুঁকিপূর্ণ অবস্থানে রয়েছে।সাক্ষাৎকালে প্রতিনিধিদল বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের বহুমুখীকরণ, কৃষিপণ্য উৎপাদনে পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার, মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশ থেকে ফেরত বাংলাদেশি শ্রমিকদের মানবাধিকার সুরক্ষা বিষয়ে মতবিনিময় করেন।স্পিকার এসময় প্রতিনিধিদলকে জানান, বিগত ১৭ বছরের স্বৈরাচারী শাসনামলে বাংলাদেশ থেকে প্রচুর অর্থপাচার হয়েছে। পাচার অর্থ পুনরুদ্ধারে তিনি এসময় মার্কিন সরকারের সহযোগিতা কামনা করেন।বৈঠকে উইনরক ইন্টারন্যাশনালের প্রতিনিধি এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সচিবসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দেশ গঠনে তরুণদের মানসিক সুস্থতা নিশ্চিত করতে হবে: চিফ হুইপ

কীর্তনখোলা ডেস্ক

একটি সমৃদ্ধ, উন্নত ও মানবিক বাংলাদেশ গড়ে তুলতে তরুণদের শারীরিক সুস্থতার পাশাপাশি মানসিক সুস্থতা নিশ্চিত করা জরুরি বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি। তিনি বলেন, তরুণদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং মানসিক চাপ মোকাবিলায় পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান ও রাষ্ট্রকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তরুণ প্রজন্মের মানসিক সুস্থতা নিশ্চিত করা গেলে তাদের মেধা, সৃজনশীলতা ও কর্মশক্তিকে কাজে লাগিয়ে দেশের উন্নয়ন ও অগ্রযাত্রাকে আরও বেগবান করা সম্ভব।রোববার (২৫ অক্টোবর) রাজধানীর ধানমন্ডিতে ঢাকা আহ্ছানিয়া মিশন মিলনায়তনে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও নীতিনির্ধারকদের দৃষ্টি আকর্ষণের লক্ষ্যে' মায়ের হাসি মানসিক স্বাস্থ্য সেবা কেন্দ্র এ সেমিনারের আয়োজন করে। এবারের প্রতিপাদ্য ছিল- 'জীবনের অভিজ্ঞতা শুনি: সত্যিকারের কথা, সত্যিকারের পরিবর্তন'।সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দীন হায়দার।তিনি বলেন, প্রত্যেকেরই মানসিকভাবে সুস্থ থাকা জরুরি। একজন মা গর্ভাবস্থায় মানসিক দুশ্চিন্তা ও উদ্বেগের মধ্যে থাকলে তার প্রভাব গর্ভের সন্তানের ওপরও পড়তে পারে। তাই সুস্থ প্রজন্ম গড়ে তুলতে গর্ভকাল থেকেই মায়ের মানসিক স্বাস্থ্যের প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে।ঢাকা আহ্ছানিয়া মিশনের সভাপতি অধ্যাপক গোলাম রহমানের সভাপতিত্বে সেমিনার সঞ্চালনা করেন সংস্থাটির সিনিয়র সাইকোলজিস্ট রাখী গাঙ্গুলী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের প্রধান ও পরিচালক অধ্যাপক ডা. সাইফুন্নাহার সুমি এবং ঢাকা আহ্ছানিয়া মিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আবু তৈয়ব আবু আহমেদ।সেমিনারে বক্তারা বলেন, মানসিক স্বাস্থ্য সমস্যার পরিসংখ্যানের প্রতিটি সংখ্যার পেছনে রয়েছেন একজন মানুষ ও একটি পরিবার, যারা প্রায়ই একাকী এবং নীরবে এ সংকট মোকাবিলা করেন। এখনো অনেকেই মানসিক অসুস্থতাকে রোগ হিসেবে বিবেচনা না করে দুর্বলতা, ব্যক্তিগত ব্যর্থতা, পাপের ফল কিংবা জিন-ভূত বা যাদুটোনার প্রভাব বলে মনে করেন। সামাজিকভাবে 'পাগল' তকমা পাওয়ার ভয়ে অনেকে চিকিৎসা নিতে দ্বিধা করেন। পরিবারগুলোও অনেক সময় বিষয়টি গোপন রাখে। ফলে প্রয়োজনীয় চিকিৎসা ও সহায়তা থেকে বঞ্চিত হন মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত ব্যক্তিরা।তারা আরও বলেন, মানসিক স্বাস্থ্যসেবা ও নীতিনির্ধারণী আলোচনায় যাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা রয়েছে, তাদের মতামত ও অভিজ্ঞতাকে যথাযথ গুরুত্ব দেওয়া প্রয়োজন। বিশেষ করে গর্ভকালীন ও প্রসব-পরবর্তী বিষণ্নতাসহ মায়েদের মানসিক স্বাস্থ্য সমস্যাগুলো এখনো সমাজে যথেষ্ট গুরুত্ব পায় না। মায়ের মানসিক সুস্থতা শিশুর বিকাশ এবং পরিবারের সামগ্রিক সুস্থতার সঙ্গে গভীরভাবে সম্পর্কিত। 'মায়ের হাসি' উদ্যোগটি এ বাস্তবতার কথাই স্মরণ করিয়ে দেয়।সেমিনারে মূল বক্তব্য উপস্থাপনায় ঢাকা আহ্ছানিয়া মিশনের স্বাস্থ্য ও পুষ্টি সেক্টরের পরিচালক ইকবাল মাসুদ বলেন, বাংলাদেশে প্রতি ছয়জন প্রাপ্তবয়স্কের মধ্যে প্রায় একজন কোনো না কোনো মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছেন। অথচ তাদের প্রায় ৯২ শতাংশই কোনো ধরনের চিকিৎসাসেবা পান না।তিনি বলেন, ঐতিহ্যগতভাবে বাংলাদেশের মানসিক স্বাস্থ্যসেবা মূলত শহরাঞ্চলের হাসপাতালকেন্দ্রিক। ঢাকার জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল এবং পাবনা মানসিক হাসপাতালের মতো প্রতিষ্ঠানগুলো এক্ষেত্রে বড় ভূমিকা পালন করছে। তবে হাসপাতালভিত্তিক চিকিৎসার পাশাপাশি সমাজভিত্তিক ফলোআপ ও ডে-কেয়ার সেবার ব্যাপক ঘাটতি রয়েছে। বিষণ্নতা, উদ্বেগ ও মাদকাসক্তির পাশাপাশি আত্মহত্যা পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে।

মুলাদীতে বিস্ফোরণে আহত ছয় ॥ গোপনে

পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। স্থানীয় সূত্রের দাবি, বিস্ফোরণের পর আহতদের স্বজন ও সহযোগীরা তাঁদের ঢাকায় নিয়ে যান। সেখানে একাধিক হাসপাতালে তাঁদের চিকিৎসা দেওয়া হচ্ছে বলে জানা গেছে। তবে তাঁরা কোন হাসপাতালে ভর্তি রয়েছেন, তা নিশ্চিত হওয়া যায়নি। এলাকার এক বাসিন্দা নাম প্রকাশ না করার শর্তে অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে একটি সংঘবদ্ধ চক্র এলাকায় আধিপত্য বিস্তারের চেষ্টা করছে। প্রতিপক্ষকে মোকাবিলা করতে বিভিন্ন পক্ষের অস্ত্র ও বিস্ফোরক মজুতের অভিযোগও করেন তিনি। তবে এসব অভিযোগের সত্যতা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, খবর পেয়ে পুলিশ উত্তর বালিয়াতলী এলাকা পরিদর্শন করেছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে। স্থানীয় বাসিন্দারা এ বিষয়ে তথ্য দিচ্ছেন না। আহত ব্যক্তিরা গোপনে চিকিৎসা নিচ্ছেন বলে খবর পাওয়া গেছে। তাঁদের সন্ধান চলছে। বিস্ফোরণের প্রকৃত কারণ, আহতদের বর্তমান অবস্থা এবং ঘটনার সঙ্গে কারও সংশ্লিষ্টতা রয়েছে কি না, তা তদন্তের পর নিশ্চিত হওয়া যাবে।

বিএনপির সাবেক নেতার বিরুদ্ধে

কান্নায় ভেঙে পড়ে মারুফের আট বছর বয়সী মেয়ে। কান্নাজড়িত কণ্ঠে শিশুটি দাবি করে, নাছির আঙ্কেল তার বাবাকে অনেক মারধর করেছেন। বাবাকে মারধরের বিচারও চায় সে। মারুফ তালুকদার অভিযোগ করেন, নাছির তালুকদারের সঙ্গে তাঁদের দীর্ঘদিনের বিরোধ রয়েছে। এর আগে নাছির তাঁর বাবাকে মারধর করে আওয়ামী লীগের সহায়তায় মামলা দিয়ে বাড়িছাড়া করেছিলেন বলেও দাবি করেন তিনি। মারুফের ভাষ্য, সম্প্রতি গ্রামের এক ব্যক্তিকে টিউবওয়েল দেওয়ার কথা বলে নাছির তালুকদার ১৫ হাজার টাকা নিয়েছেন। টিউবওয়েল না পেয়ে ওই ব্যক্তি বিষয়টি বিভিন্ন জায়গায় বলাবলি করছিলেন। এ নিয়ে নাছির তালুকদার তাঁকে দোষারোপ করে আসছিলেন। মারুফ আরও অভিযোগ করেন, এর ধারাবাহিকতায় গত ২৩ অক্টোবর রাতে বাড়ির সামনে তাঁকে পথরোধ করে নাছিরের ভাই ও স্বজনেরা মারধর করেন। তাঁর ডাকচিৎকারে স্বজন ও শুভাকাঙ্ক্ষীরা এগিয়ে এসে তাঁকে উদ্ধার করেন। এ ঘটনায় তিনি নেছারাবাদ থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন। মারুফ তালুকদার স্বরূপকাঠি সদর ইউনিয়নের রাহুতকাঠি গ্রামের ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো. সাহেব আলীর ছেলে। সংবাদ সম্মেলনে সাহেব আলীও নাছির তালুকদারের বিরুদ্ধে অতীতে মারধর ও মামলা দিয়ে বাড়িছাড়া করার অভিযোগ তুলে বিচার দাবি করেন। অভিযোগ অস্বীকার করে নাছির উদ্দীন তালুকদার বলেন, 'মারুফ আমার বাড়ির পাশের লোক। সে আমাকে নিয়ে বাজারঘাটে বাজে কথা বলে বেড়ায়। বিষয়টি জানতে পেরে আমার ভাই বাড়ির সামনে বসে তাকে জিজ্ঞেস করলে সে উত্তেজিত হয়ে পড়ে। এ কারণে তাদের মধ্যে একটু হাতাহাতি হয়েছে।' নাছির তালুকদার আরও দাবি করেন, তিনি বিষয়টি মীমাংসা করতে চাইলেও দলের একটি পক্ষ উসকানি দিয়ে ঘটনাটিকে বড় আকার দেওয়ার চেষ্টা করছে। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মেহেদী হাসান বলেন, এ ঘটনায় মারুফ তালুকদার থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

হিসাবে ভুল করায় যুক্তরাষ্ট্র 'সংকটের

ভুল হিসাব-নিকাশের কারণেই যুক্তরাষ্ট্র এমন এক সংকটের চোরাবালিতে আটকে গেছে, যেখান থেকে বের হওয়ার পথ এখন দেশটিকেই খুঁজে নিতে হবে।গালিবাফ বলেন, যুক্তরাষ্ট্র মনে করছে, গণমাধ্যমে চাপ সৃষ্টি ও সামরিক হুমকি প্রয়োগের মাধ্যমে ইরানকে নতি স্বীকারে বাধ্য করা সম্ভব। কিন্তু দেশটি ইরানের বর্তমান বাস্তবতা বুঝতে ব্যর্থ হচ্ছে।তিনি বলেন, তারা বুঝতে পারছে না, আজকের ইরান অপমানজনক পাহলভি যুগের ইরান নয়। বরং এটি আত্মবিশ্বাস, প্রতিরক্ষা সক্ষমতা ও অটল সংকল্পে বলীয়ান এক দুর্ভেদ্য দুর্গ। এই ভূখণ্ডের মর্যাদা নিয়ে কোনো বিদেশি শক্তিকে শর্ত চাপিয়ে দেওয়ার সুযোগ কখনোই দেবে না ইরান।ইরানের পার্লামেন্টের স্পিকার আরও বলেন, যুক্তরাষ্ট্র নিজেদের ভুল হিসাব-নিকাশের কারণে সংকটের চোরাবালিতে প্রবেশ করেছে। সেখান থেকে বেরিয়ে আসতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার দায়িত্ব এখন তাদেরই।গালিবাফের এই বক্তব্যে যুক্তরাষ্ট্রের চাপ প্রয়োগের কৌশল নিয়ে তেহরানের অবস্থান স্পষ্ট হয়েছে। ইরানের পক্ষ থেকে বলা হচ্ছে, সামরিক হুমকি কিংবা প্রচারণার মাধ্যমে দেশটির নীতিগত অবস্থান পরিবর্তন করানো যাবে না। বরং বর্তমান পরিস্থিতি থেকে উত্তরণের উদ্যোগ যুক্তরাষ্ট্রকেই নিতে হবে।

রিয়াদ-দাম্মামের ১৪৬ ফ্লাইট বাতিল

গেছে, গত ১০ অক্টোবর থেকে রোববার (২৫ অক্টোবর) পর্যন্ত বাতিল হওয়া এসব ফ্লাইটের মধ্যে ৬৯টি সরাসরি এবং ৭৭টি ট্রানজিট ফ্লাইট ছিল। সরাসরি ফ্লাইটের মধ্যে জাতীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ২৯টি, ইউএস-বাংলা এয়ারলাইন্সের ১০টি, সৌদিয়া এয়ারলাইন্সের ১৯টি এবং রিয়াদ এয়ারওয়েজের ১১টি ফ্লাইট রয়েছে। অন্যদিকে ট্রানজিট ফ্লাইটের মধ্যে প্রভাবিত হয়েছে ইন্ডিগোর ৩০টি, এমিরেটসের ১৪টি, কাতার এয়ারওয়েজের ৯টি, ফ্লাইদুবাইয়ের ৮টি, সালাম এয়ারের ৭টি, এয়ার ইন্ডিয়ার ৮টি এবং ইজিপ্ট এয়ারের ১টি ফ্লাইট। এসব ফ্লাইটের যাত্রীদের বিভিন্ন দেশে ট্রানজিট নিয়ে রিয়াদ ও দাম্মামে যাওয়ার কথা ছিল। তবে সংশ্লিষ্ট দেশগুলো থেকে ফ্লাইট বাতিল করায় ঢাকা থেকেও তারা যাত্রী বহন করেনি। সম্প্রতি হুথিদের হামলার পর রিয়াদ বিমানবন্দর বন্ধ ঘোষণা করা হয়। একই সময়ে দাম্মামেও হামলার ঘটনা ঘটে। এই পরিস্থিতির প্রেক্ষাপটে ৪ নভেম্বর পর্যন্ত রিয়াদ ও দাম্মামে সব ধরনের ফ্লাইট চলাচল বন্ধ রেখেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

বাউফলে ৫-৭ দিন ধরে

উদ্বেগ দেখা দিয়েছে। উদ্ধার হওয়া মরদেহটি আলম ফকিরের হতে পারে বলে সন্দেহ করছেন তাঁরা।আলম ফকির পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মুজাফর গাজী, যিনি স্থানীয়ভাবে মুজা নামে পরিচিত, তাঁর ছেলে। তিনি দাশপাড়া বাসস্ট্যান্ড এলাকায় তাঁর ছোট স্ত্রীকে নিয়ে বসবাস করতেন। সেখান থেকেই তিনি নিখোঁজ হন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এ ঘটনায় শনিবার তাঁর পরিবারের পক্ষ থেকে বাউফল থানায় অভিযোগ করা হয়েছে।এদিকে, গত ২৩ অক্টোবর বাউফল পৌরশহরের বাংলাবাজার এলাকার একটি খাল থেকে হাত-পা বাঁধা অবস্থায় অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির মরদেহ উদ্ধার করে পুলিশ। মরদেহটি বিকৃত হয়ে যাওয়ায় তাৎক্ষণিকভাবে ওই ব্যক্তির পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি। নিখোঁজ আলম ফকিরের পরিবারের সদস্যদের ধারণা, খাল থেকে উদ্ধার হওয়া মরদেহটি তাঁর হতে পারে। তবে এ বিষয়ে এখনো কোনো আনুষ্ঠানিক নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। ফলে মরদেহটির পরিচয় নিয়ে এলাকায় উদ্বেগ ও উৎকণ্ঠা বিরাজ করছে। এ বিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, "নিখোঁজ আলম ফকিরের পরিবারের লোকজন থানায় এসে মৌখিকভাবে জানিয়েছেন, খালে ভাসমান অবস্থায় উদ্ধার হওয়া অজ্ঞাতপরিচয় ব্যক্তির মরদেহটি আলম ফকিরের হতে পারে। মরদেহটি খালে পাওয়া যাওয়ায় নৌ-পুলিশ বিষয়টি তদন্ত করছে।" মরদেহটির পরিচয় শনাক্ত এবং নিখোঁজ আলম ফকিরের সন্ধান পেতে তদন্তের ফলাফলের অপেক্ষায় রয়েছে তাঁর পরিবার।

তজুমদ্দিনে নিষেধাজ্ঞা অমান্য

জব্দকৃত অবৈধ জাল শশীগঞ্জ মৎস্যঘাটে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয় এবং উদ্ধার করা মাছ ধরার ট্রলারগুলো উপজেলা মৎস্য অফিসের হেফাজতে রাখা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. বনি আমিন জানান, সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে মেঘনা নদীতে ইলিশ শিকার অব্যাহত রাখলে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। মা ইলিশ রক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

বরিশাল ক্যাডেট কলেজ এলাকায়

বিমানবন্দর এলাকা পার হয়ে ক্যাডেট কলেজের সামনে পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারান। মুহূর্তে গাড়িটি সড়কের পাশে থাকা একটি খাদ বা ডোবায় গিয়ে পড়ে। ঘটনার প্রত্যক্ষদর্শী স্থানীয় দোকানি রফিক জানান, সকালে বিকট শব্দ শুনে তারা ঘর থেকে বের হয়ে দেখেন বাসটি ডোবায় পড়ে রয়েছে। ভেতরে থাকা যাত্রীরা ততক্ষণে হুড়োহুড়ি করে নিরাপদে বেরিয়ে আসেন। সৌভাগ্যবশত কেউ গুরুতর আহত হননি। তিনি অভিযোগ করেন, মহাসড়কটির দীর্ঘদিন ধরে বেহাল অবস্থা থাকায় প্রায়ই এ ধরনের দুর্ঘটনা ঘটছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের বিমানবন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, খবর পাওয়ার পরপরই ঘটনাস্থলে পুলিশের একটি টহল টিম পাঠানো হয়েছে। বাসটি উদ্ধার কাজের জন্য ফায়ার সার্ভিসকেও খবর দেওয়া হয়। বিষয়টি নিয়ে বরিশাল বিআরটিএ-র মোটরযান পরিদর্শক সৌরভ কুমার জানান, প্রাথমিক অনুসন্ধানে ধারণা করা হচ্ছে চালকের অসতর্কতা ও সড়কের বেহাল দশার কারণেই এই দুর্ঘটনাটি ঘটেছে। তিনি আরও বলেন, বাসটির ফিটনেস সনদ ও চালকের ড্রাইভিং লাইসেন্স যাচাই করা হচ্ছে। পরবর্তীতে কোনো আইনি প্রক্রিয়া বা আদালতের নির্দেশ এলে ফিটনেস সংক্রান্ত কারিগরি ত্রুটি ছিল কি না, তা খতিয়ে দেখে নিশ্চিত হওয়া যাবে।

যুবদল কর্মী কাওছার হত্যার বিচারের

বিশিষ্ট সমাজসেবক মো. আবদুল হক হাওলাদারের সভাপতিত্বে প্রতিবাদ সভায় বক্তব্য দেন–বীর মুক্তিযোদ্ধা জাকির হোসেন হাওলাদার, হামলায় আহত যুবদল নেতা রাশেদ আমিন হাওলাদার, নিহতের মেজো ভাই মোস্তফা হাওলাদার, সাবেক ইউপি চেয়ারম্যান শাহীন হাওলাদার, সাতলা ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ এবং সাবেক ইউপি সদস্য এনামুল হাওলাদার। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন–সাতলা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক ইলিয়াছ হাওলাদার, নিহতের স্ত্রী সাগরী বেগমসহ পরিবারের সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। মানববন্ধনে নারী-পুরুষসহ বিপুলসংখ্যক সাধারণ মানুষ অংশ নেন। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, গত শুক্রবার (২৩ অক্টোবর) রাত আনুমানিক ১০টার দিকে উজিরপুর-কোটালীপাড়া সীমান্তবর্তী পশ্চিম সাতলা এলাকায় কাওছার হাওলাদার ও রাশেদ আমিন হাওলাদারের ওপর হামলার ঘটনা ঘটে। অভিযোগ রয়েছে, ঢাকা থেকে একটি হাইয়েস গাড়ি এবং ঢাকা ও বরিশাল থেকে বেশ কয়েকটি মাইক্রোবাস ও মোটরসাইকেলে করে একদল দুর্বৃত্ত ওই এলাকায় আসে। হামলাকারীদের হাত থেকে বাঁচতে কাওছার ও রাশেদ পাশের একটি বাড়িতে আশ্রয় নেন। পরবর্তীতে ১৮ থেকে ২০ জনের একটি দল ওই বাড়ির দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে কাওছার হাওলাদারকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করে। তবে রাশেদ আমিন দরজার আড়ালে লুকিয়ে প্রাণে বেঁচে যান বলে স্থানীয়রা জানান। পরে স্থানীয়রা দুজনকে উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি ক্লিনিকে এবং অবস্থার অবনতি হলে কোটালীপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক কাওছার হাওলাদারকে মৃত ঘোষণা করেন। পরে ময়নাতদন্তের জন্য তাঁর মরদেহ গোপালগঞ্জ মর্গে পাঠানো হয়। এ ঘটনায় নিহতের মেজো ভাই মোস্তফা হাওলাদার বাদী হয়ে ২৪ অক্টোবর উজিরপুর মডেল থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলায় অজ্ঞাতনামাসহ মোট ১৭ জনকে আসামি করা হয়েছে। এদিকে হত্যাকাণ্ডের পর পালিয়ে যাওয়ার সময় পদ্মা সেতুর দক্ষিণ প্রান্তের টোল প্লাজা এলাকা থেকে একটি মাইক্রোবাসসহ ৯ জনকে আটক করেছে পুলিশ। পুলিশের দাবি, আটক ব্যক্তিদের কাছ থেকে ধারালো অস্ত্র উদ্ধার করা হয়েছে। তবে তদন্তের স্বার্থে তাৎক্ষণিকভাবে তাদের নাম-পরিচয় প্রকাশ করা হয়নি। উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. রকিবুল ইসলাম জানান, হত্যাকাণ্ডের ঘটনায় দায়ের করা মামলার তদন্ত চলছে। ঘটনার প্রকৃত কারণ উদঘাটন, জড়িতদের শনাক্ত এবং বাকি আসামিদের গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। বরিশালের অতিরিক্ত পুলিশ সুপার মো. আলাউল হাসান জানান, হত্যাকাণ্ডের ঘটনায় ইতিমধ্যে ৯ জনকে আটক করা হয়েছে। তদন্তের স্বার্থে আপাতত তাদের নাম প্রকাশ করা হচ্ছে না। পলাতক অন্যদের আটকের জন্যও সাঁড়াশি অভিযান চলছে। এদিকে এই হত্যাকাণ্ডকে কেন্দ্র করে পশ্চিম সাতলা এলাকায় চরম উত্তেজনা ও থমথমে পরিস্থিতি বিরাজ করছে। যেকোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

নব আদর্শ সরকারি প্রাথমিক

নির্বাচিত হওয়ায় বিভিন্ন মহলের পক্ষ থেকে তাঁকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা আশা প্রকাশ করে বলেন, মীর হাসান মোর্শেদ সুমনের নেতৃত্ব ও অভিজ্ঞতায় বিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের জন্য সুন্দর ও উপযোগী শিক্ষার পরিবেশ নিশ্চিতকরণ এবং বিদ্যালয়ের সার্বিক উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল হবে। তাঁর উদ্যোগে বিদ্যালয়টি শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রমে আরও এগিয়ে যাবে বলেও প্রত্যাশা তাঁদের।

বানারীপাড়ায় স্বজনপ্রীতি ও দলীয়

বলে অভিযোগ করা হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, 'মেসার্স মৃধা এন্টারপ্রাইজ' নামের একটি লাইসেন্সের বিপরীতে আরিফ মৃধা ও সোহেল মৃধাকে দুটি ডিলারশিপ দেওয়া হয়েছে। অভিযোগকারীদের দাবি, একই লাইসেন্সে দুই ডিলারশিপ দেওয়া নীতিমালাবহির্ভূত। সোহেল মৃধা পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের ভোটার হলেও তাঁকে বানারীপাড়া সদর ইউনিয়নের ডিলারশিপ দেওয়া হয়েছে। আরিফ মৃধা পেয়েছেন পৌর এলাকার ডিলারশিপ। সালিয়াবাকপুর ইউনিয়নের ডিলার হয়েছেন উপজেলা যুবদলের সভাপতি ছাব্বির আহমেদ সুমন হাওলাদার। তিনি পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের ভোটার বলে জানা গেছে। উপজেলা বিএনপির তথ্য ও গবেষণা সম্পাদক শহিদুল ইসলামের ভাই এবং বিএনপি কর্মী আমিনুল ইসলাম পেয়েছেন সৈয়দকাঠী ইউনিয়নের ডিলারশিপ। পাশের স্বরূপকাঠি উপজেলার স্থায়ী বাসিন্দা বিএনপি কর্মী জাহিদুল ইসলাম বানারীপাড়ার উদয়কাঠী ইউনিয়নের তেতলা গ্রামে শ্বশুরবাড়িতে থাকেন। তাঁকে ওই ইউনিয়নের ডিলারশিপ দেওয়া হয়েছে। চাখার ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান, বাইশারী ইউনিয়ন বিএনপির সভাপতি আনোয়ার হোসেন ও বিশারকান্দি ইউনিয়ন যুবদলের সভাপতি ফিরোজ মাহমুদ নিজ নিজ ইউনিয়নের ডিলারশিপ পেয়েছেন। ফিরোজ মাহমুদ আগে থেকেই উন্মুক্ত বাজারে চাল-আটা বিক্রি কর্মসূচি এবং বাংলাদেশ ট্রেডিং করপোরেশনের নিযুক্ত ডিলার বলে জানা গেছে। ইলুহার ইউনিয়নে সারের ডিলারশিপ পেয়েছেন বিএনপি কর্মী সাইফুল ইসলাম। পৌর এলাকার ভোটার হয়েও সালিয়াবাকপুর ইউনিয়নের ডিলারশিপ পাওয়ার বিষয়ে ছাব্বির আহমেদ সুমন হাওলাদার জানান, তিনি সালিয়াবাকপুর ইউনিয়নে তাঁদের গ্রামের বাড়িতে থাকেন। নিয়ম মেনে কাগজপত্র জমা দিয়েছেন। কর্তৃপক্ষ উপযুক্ত মনে করায় তিনি ডিলারশিপ পেয়েছেন। তাঁর পরিবারের আগে সারের ব্যবসা ছিল বলেও দাবি করেন তিনি। উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রিয়াজ উদ্দিন আহমেদ মৃধা সাংবাদিকদের জানান, পৌরসভায় তাঁর ভাই আরিফ ছাড়া অন্য কেউ আবেদন করেননি। আর পৈতৃক নিবাস সদর ইউনিয়নের ঠিকানায় তাঁর অন্য ভাই সোহেল মৃধা ডিলারশিপ পেয়েছেন। কোথাও স্বজনপ্রীতি বা দলীয়করণ হয়নি দাবি করে তিনি বলেন, অভিজ্ঞ ব্যবসায়ী হিসেবে ডিলারশিপ দেওয়া হয়েছে। বানারীপাড়া উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সদস্যসচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা আবু হাসনাইন বলেন, আরিফ ও সোহেল মৃধা সহোদর হলেও তাঁরা পরস্পরের ওপর নির্ভরশীল নন। তাই তাঁদের ডিলারশিপ দেওয়ার ক্ষেত্রে নীতিমালার ব্যত্যয় হয়নি। আবু হাসনাইন আরও বলেন, ভোটার যেখানকারই হোন, উপজেলার যেকোনো স্থানের ডিলার হতে পারবেন। উন্মুক্ত বাজারে চাল-আটা বিক্রি কর্মসূচি ও বাংলাদেশ ট্রেডিং করপোরেশনের ডিলারশিপ থাকলেও সারের ডিলার হতে বাধা নেই।

কুয়াকাটা সৈকত পরিষ্কার পরিচ্ছন্নতা

সম্পন্ন হয়। এ সময় উপস্থিত ছিলেন, পটুয়াখালী জেলা ছাত্রদলের সদস্য সচিব জাকারিয়া আহমেদ, সিনিয়র যুগ্ম আহবায়ক আল-আমিন হোসেন, কলাপাড়া উপজেলা ছাত্রদলের আহবায়ক কাজী ইয়াদুল ইসলাম তুষার, কুয়াকাটা পৌর ছাত্রদলের আয়বায়ক রিয়াজ উদ্দিন, সদস্য সচিব নেছার উদ্দিনসহ কেন্দ্রীয় ছাত্রদল,পটুয়াখালী জেলা ছাত্রদল, কলাপাড়া উপজেলা ছাত্রদল ও কুয়াকাটা পৌর ছাত্রদলের নেতৃবৃন্দ। কুয়াকাটা সৈকতে বেড়াতে আসা পর্যটক নিবিড় হাসান জানান, ছাত্রদল আর যে কাজ করছে তা প্রশংসা পাওয়ার যোগ্য। শুধুমাত্র ফটোসেশনের মধ্যে না থেকে এই কার্যক্রম ধারাবাহিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানান তিনি। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোঃ আমানউল্লাহ আমান জানান, গত ২৩ এবং ২৪ অক্টোবর কুয়াকাটা বিচ কার্নিভালে অংশ নিতে দেশের লক্ষাধিক মানুষ এখানে উপস্থিত হয়েছিল। গতরাতে এই অনুষ্ঠান শেষ হয়েছে। তাই সকাল থেকেই বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল সৈকত পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে অংশ নিয়েছি।বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের বলিষ্ঠ নেতৃত্বে উদ্বুদ্ধ হয়ে,একটি পরিবর্তিত দেশের নাগরিক হিসেবে, দেশের প্রতি ভালোবাসা এবং নিষ্ঠার প্রতিদান হিসেবে ছাত্র সংগঠনের নৈতিক দায়িত্ববোধ থেকে আমরা এই কার্যক্রমে অংশ নিয়েছি। তিনি আরো বলেন, দেশের বিভিন্ন প্রান্ত থেকে এবং বিদেশ থেকে এই সৈকতের সৌন্দর্য উপভোগ করতে পর্যটকরা এখানে আসেন। তাই এই সৈকতকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা আপনার আমার এবং পর্যটন সংশ্লিষ্ট সকলেরই কর্তব্য। এই কার্যক্রম শুরু হয়েছে যা ধারাবাহিকভাবে চলবে বলে জানিয়েছেন তিনি।

বীরমুক্তিযোদ্ধা সেকেন্দার আলী

ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মাসুদ খান ভারপ্রাপ্ত আহবায়ক সিকদার হাফিজুল ইসলাম সদস্য সচিব মোল্লা বশির আহমেদ পান্না যুগ্ম আহবায়ক শাহ মোহাম্মদ বক্তিয়ার গৈলা ইউনিয়ন সাবেক চেয়ারম্যান আবুল হোসেন লালটু গৈলা ইউনিয়ন বিএনপির আহবায়ক এনায়েত হোসেন মনু যুগ্ম আহবায়ক আবুল হোসেন মোল্লা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্রদলের সাবেক সভাপতি মুক্তাদির হোসেন তরু সরোয়ার হোসেন মিয়া গৈলা ইউনিয়ন বিএনপি সদস্য সচিব বদিউজ্জামান সরল মোল্লা সমাজসেবা কর্মকর্তা তপন বিশ্বাস সিনিয়র মৎস্য কর্মকর্তা মানিক মল্লিক বেবি হোম ছোট্ট মনি নিবাস ও আগৈলঝাড়া সাবেক সমাজসেবা কর্মকর্তা সুশান্ত বালা যুবদলের যুগ্ন আহবায়ক হাবিব রহমান মুন্সি সাবেক ছাত্রদলের সাধারণ সম্পাদক হেমায়েত তালুকদার সালমান রহমান রিপন বেপারী হেমায়েত তালুকদারসহ সর্বদলীয়ও উপজেলা বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ জানাজার নামাজে উপস্থিত ছিলেন

নদীতে নামতে মানা, ঘরে খাবারের

চাল বরাদ্দ দেয় সরকার। ৭ অক্টোবরের মধ্যে জেলেদের মাঝে এ চাল বিতরণ করার কথা থাকলেও এখনো তা পাননি ছয়টি ইউনিয়নের জেলেরা। উপজেলার মেঘনা নদীর পাড়ের জেলে কামরুল মাঝি, মাকসুদ মাঝি, আব্বাস মাঝি ও রুবেল মাঝিসহ আরও কয়েকজন জেলে বলেন, মাছ ধরায় নিষেধাজ্ঞার সময় আমাদের আয়ের প্রধান উৎস বন্ধ থাকে। তখন সরকারি সহায়তার চালই একমাত্র ভরসা। কিন্তু সময়মতো চাল না পাওয়ায় ধারদেনা করে চলতে হচ্ছে। ঋণের বোঝা বাড়ছে। সন্তানদের লেখাপড়ার খরচ চালাতেও কষ্ট হচ্ছে। এনজিওর কিস্তি পরিশোধ করতে হচ্ছে দেনা করে। এমন পরিস্থিতিতে সরকারি সহায়তার চাল পাওয়ার কথা থাকলেও এখন আমাদের সেই চালের জন্যই অপেক্ষা করতে হচ্ছে। সময়মতো বরাদ্দের ওই চালগুলোও না পাওয়ায় চরম দুর্ভোগ পড়তে হয়েছে। জেলেদের অভিযোগ, তালিকাভুক্ত হয়েও অনেকে প্রকৃত জেলে হিসেবে সরকারি সহায়তা পান না। আবার চাল বিতরণে অনিয়ম ও অস্বচ্ছতার অভিযোগও রয়েছে। লালমোহন উপজেলায় ২৪ হাজারের বেশি জেলে তালিকাভুক্ত থাকলেও এবার ২১ হাজার জেলের জন্য চাল বরাদ্দ দেওয়া হয়েছে। এর মধ্যে কালমা, রমাগঞ্জ ও পশ্চিম চরউমেদ ইউনিয়নে চাল বিতরণ করা হলেও অন্য ছয়টি ইউনিয়নের ১৬ হাজার ৫৭৫ জন জেলে এখনো বরাদ্দের চাল পাননি। নামপ্রকাশে অনিচ্ছুক একটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, স্থানীয় সরকার দলীয় নেতাদের সমন্বয় এবং তালিকা প্রণয়ন ও যাচাই-বাছাইয়ে সমন্বয়হীনতার কারণে চাল বিতরণ করা সম্ভব হচ্ছে না। যার জন্য এখনো সরকারি সহায়তার চাল থেকে বঞ্চিত রয়েছেন জেলেরা। তবে দ্রুত সময়ের মধ্যে চাল বিতরণের চেষ্টা করা হচ্ছে। উপজেলা মৎস্য কর্মকর্তা আলী আহমেদ আখন্দ জানান, চাল বিতরণের জন্য ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের বারবার তাগিদ দেয়া হচ্ছে। আশা করছি- খুব শিগগিরই জেলেদের মাঝে বরাদ্দের চাল বিতরণ করা হবে। লালমোহন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ সিফাত বিন সাদেক বলেন, মৎস্য অফিসকে তালিকা প্রস্তুত করে দ্রুততম সময়ের মধ্যে সব ইউনিয়নে চাল বিতরণ সম্পন্ন করার জন্য বলা হয়েছে। এখনো কেনো চাল বিতরণ সম্পন্ন হয়নি তা জেনে চাল বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

বন বিভাগের ২৫ একর জমি দখল

রয়েছে শাহিন হাওলাদারের বিরুদ্ধে। তিনি উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক রেনু আক্তারের ছোট ভাই। বন বিভাগ সূত্রে জানা গেছে, দক্ষিণ চরবিশ্বাস এলাকায় বনভূমি দখলে নিয়ে মাটি কেটে বেড়িবাঁধ নির্মাণের পাশাপাশি গাছপালা ধ্বংস করা হচ্ছে। এ ঘটনায় শাহিন হাওলাদারসহ চারজনের বিরুদ্ধে গত বৃহস্পতিবার গলাচিপা থানায় মামলা করেন উপজেলা বন বিভাগের ডেপুটি রেঞ্জার ও চরআগস্তি বনায়নের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আঃ বারীক। মামলার এজাহার অনুযায়ী, গত বুধবার (২১ অক্টোবর) বিকেল তিনটার দিকে শাহিন হাওলাদার (৪২), মো. ফারুক (৫৫), মো. আজাদ তালুকদার (৫০), মো. রহিম (৪৫) এবং অজ্ঞাতনামা আরও ৮ থেকে ১০ জন চরবিশ্বাস ইউনিয়নের চরআগস্তি এলাকার ম্যানগ্রোভ বাগানে প্রবেশ করেন। এ সময় তাঁরা খননযন্ত্র দিয়ে প্রায় ৫০০ কেওড়া ও ছৈলা গাছ উপড়ে ফেলেন। পরে তরমুজ চাষের জন্য জমিতে মাটি কেটে বেড়িবাঁধ নির্মাণ করেন। এজাহারে আরও বলা হয়েছে, খবর পেয়ে বিকেল পাঁচটার দিকে বন বিভাগের লোকজন ঘটনাস্থলে গেলে অভিযুক্ত ব্যক্তিরা তাঁদের অকথ্য ভাষায় গালাগাল করেন এবং প্রাণনাশের হুমকি দিয়ে সেখান থেকে চলে যেতে বাধ্য করেন। নিরাপত্তার কারণে বন বিভাগের কর্মীরা পরে ঘটনাস্থল ত্যাগ করেন। বন বিভাগের দাবি, ২০১৫-১৬ অর্থবছরে ওই এলাকায় ৭৫ হেক্টর জমিতে বনায়ন করা হয়েছিল। এসব গাছের বয়স প্রায় ১২ বছর। এর মধ্যে প্রায় ২৫ একর বনভূমি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়েছে। বন বিভাগের কর্মকর্তা মো. আঃ বারীক বলেন, একই ব্যক্তিরা গত ২ অক্টোবর ওই বনভূমিতে প্রবেশ করে খননযন্ত্র দিয়ে প্রায় ১০ লাখ টাকা মূল্যের গাছ উপড়ে ফেলেছিলেন। এ ঘটনায় তাঁদের বিরুদ্ধে বন আইনে মামলা ও গলাচিপা থানায় সাধারণ ডায়েরি করা হয়। কিন্তু এরপরও বনভূমিতে প্রবেশ করে গাছ কাটা ও মাটি সরানোর কাজ বন্ধ হয়নি। তিনি আরও অভিযোগ করেন, আগের ঘটনায় বাধা দিতে গেলে শাহিন হাওলাদার ও তাঁর লোকজন বন বিভাগের কর্মীদের বাধা দেন এবং লাঞ্ছিত করে ভয়ভীতি দেখান। গলাচিপা উপজেলা বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা নয়ন মিস্ত্রী বলেন, দক্ষিণ চরবিশ্বাস এলাকায় বন বিভাগের বনায়ন ধ্বংস করে তরমুজ চাষের প্রস্তুতি নেওয়া হচ্ছে। এ ঘটনায় আগে মামলা ও সাধারণ ডায়েরি করা হলেও মাটি কাটার কাজ অব্যাহত ছিল। পরে একই ব্যক্তিদের বিরুদ্ধে নতুন করে মামলা করা হয়েছে। বনভূমিতে তরমুজ চাষের অভিযোগ স্বীকার করেছেন মামলার এজাহারভুক্ত আসামি মো. আজাদ তালুকদার। তাঁর দাবি, শাহিন হাওলাদার উপজেলা প্রশাসন থেকে ওই জমি বন্দোবস্ত নেওয়ার কথা জানিয়েছিলেন। পরে তিনি শাহিনের কাছ থেকে এক বছরের জন্য বনভূমি কটকবলা নেন। আজাদ তালুকদার বলেন, তরমুজ চাষের জন্য তিনি এক বছরের মেয়াদে ৩০ একর বনভূমি নিয়েছেন। এ জন্য প্রতি একর ২০ হাজার টাকা হিসাবে শাহিন হাওলাদারকে অগ্রিম ৬৫ হাজার টাকা দিয়েছেন বলে তিনি দাবি করেন। তাঁর ভাষ্য, আরও কয়েকজন শাহিন হাওলাদারের কাছ থেকে একইভাবে জমি নিয়েছেন। অভিযোগের বিষয়ে জানতে শাহিন হাওলাদারের মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁকে পাওয়া যায়নি। তবে তাঁর বোন ও গলাচিপা উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক রেনু আক্তার অভিযোগ অস্বীকার করে বলেন, বন বিভাগের গাছ কেটে তরমুজখেত তৈরির বিষয়ে তিনি কিছু জানেন না। এ বিষয়ে তাঁর ভাইয়ের সঙ্গে কথা বলার পরামর্শ দেন তিনি। গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইমতিয়াজ আহমেদ বলেন, চরবিশ্বাস এলাকায় বনায়ন ধ্বংস করে মাটি কাটার ঘটনায় বন বিভাগ মামলা করেছে। আসামিদের গ্রেপ্তারে পুলিশ সক্রিয় রয়েছে।

দেশ গঠনে তরুণদের মানসিক সুস্থতা নিশ্চিত করতে হবে: চিফ হুইপ

কীর্তনখোলা ডেস্ক

একটি সমৃদ্ধ, উন্নত ও মানবিক বাংলাদেশ গড়ে তুলতে তরুণদের শারীরিক সুস্থতার পাশাপাশি মানসিক সুস্থতা নিশ্চিত করা জরুরি বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি। তিনি বলেন, তরুণদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং মানসিক চাপ মোকাবিলায় পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান ও রাষ্ট্রকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তরুণ প্রজন্মের মানসিক সুস্থতা নিশ্চিত করা গেলে তাদের মেধা, সৃজনশীলতা ও কর্মশক্তিকে কাজে লাগিয়ে দেশের উন্নয়ন ও অগ্রযাত্রাকে আরও বেগবান করা সম্ভব।রোববার (২৫ অক্টোবর) রাজধানীর ধানমন্ডিতে ঢাকা আহ্ছানিয়া মিশন মিলনায়তনে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও নীতিনির্ধারকদের দৃষ্টি আকর্ষণের লক্ষ্যে' মায়ের হাসি মানসিক স্বাস্থ্য সেবা কেন্দ্র এ সেমিনারের আয়োজন করে। এবারের প্রতিপাদ্য ছিল- 'জীবনের অভিজ্ঞতা শুনি: সত্যিকারের কথা, সত্যিকারের পরিবর্তন'।সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দীন হায়দার।তিনি বলেন, প্রত্যেকেরই মানসিকভাবে সুস্থ থাকা জরুরি। একজন মা গর্ভাবস্থায় মানসিক দুশ্চিন্তা ও উদ্বেগের মধ্যে থাকলে তার প্রভাব গর্ভের সন্তানের ওপরও পড়তে পারে। তাই সুস্থ প্রজন্ম গড়ে তুলতে গর্ভকাল থেকেই মায়ের মানসিক স্বাস্থ্যের প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে।ঢাকা আহ্ছানিয়া মিশনের সভাপতি অধ্যাপক গোলাম রহমানের সভাপতিত্বে সেমিনার সঞ্চালনা করেন সংস্থাটির সিনিয়র সাইকোলজিস্ট রাখী গাঙ্গুলী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের প্রধান ও পরিচালক অধ্যাপক ডা. সাইফুন্নাহার সুমি এবং ঢাকা আহ্ছানিয়া মিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আবু তৈয়ব আবু আহমেদ।সেমিনারে বক্তারা বলেন, মানসিক স্বাস্থ্য সমস্যার পরিসংখ্যানের প্রতিটি সংখ্যার পেছনে রয়েছেন একজন মানুষ ও একটি পরিবার, যারা প্রায়ই একাকী এবং নীরবে এ সংকট মোকাবিলা করেন। এখনো অনেকেই মানসিক অসুস্থতাকে রোগ হিসেবে বিবেচনা না করে দুর্বলতা, ব্যক্তিগত ব্যর্থতা, পাপের ফল কিংবা জিন-ভূত বা যাদুটোনার প্রভাব বলে মনে করেন। সামাজিকভাবে 'পাগল' তকমা পাওয়ার ভয়ে অনেকে চিকিৎসা নিতে দ্বিধা করেন। পরিবারগুলোও অনেক সময় বিষয়টি গোপন রাখে। ফলে প্রয়োজনীয় চিকিৎসা ও সহায়তা থেকে বঞ্চিত হন মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত ব্যক্তিরা।তারা আরও বলেন, মানসিক স্বাস্থ্যসেবা ও নীতিনির্ধারণী আলোচনায় যাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা রয়েছে, তাদের মতামত ও অভিজ্ঞতাকে যথাযথ গুরুত্ব দেওয়া প্রয়োজন। বিশেষ করে গর্ভকালীন ও প্রসব-পরবর্তী বিষণ্নতাসহ মায়েদের মানসিক স্বাস্থ্য সমস্যাগুলো এখনো সমাজে যথেষ্ট গুরুত্ব পায় না। মায়ের মানসিক সুস্থতা শিশুর বিকাশ এবং পরিবারের সামগ্রিক সুস্থতার সঙ্গে গভীরভাবে সম্পর্কিত। 'মায়ের হাসি' উদ্যোগটি এ বাস্তবতার কথাই স্মরণ করিয়ে দেয়।সেমিনারে মূল বক্তব্য উপস্থাপনায় ঢাকা আহ্ছানিয়া মিশনের স্বাস্থ্য ও পুষ্টি সেক্টরের পরিচালক ইকবাল মাসুদ বলেন, বাংলাদেশে প্রতি ছয়জন প্রাপ্তবয়স্কের মধ্যে প্রায় একজন কোনো না কোনো মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছেন। অথচ তাদের প্রায় ৯২ শতাংশই কোনো ধরনের চিকিৎসাসেবা পান না।তিনি বলেন, ঐতিহ্যগতভাবে বাংলাদেশের মানসিক স্বাস্থ্যসেবা মূলত শহরাঞ্চলের হাসপাতালকেন্দ্রিক। ঢাকার জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল এবং পাবনা মানসিক হাসপাতালের মতো প্রতিষ্ঠানগুলো এক্ষেত্রে বড় ভূমিকা পালন করছে। তবে হাসপাতালভিত্তিক চিকিৎসার পাশাপাশি সমাজভিত্তিক ফলোআপ ও ডে-কেয়ার সেবার ব্যাপক ঘাটতি রয়েছে। বিষণ্নতা, উদ্বেগ ও মাদকাসক্তির পাশাপাশি আত্মহত্যা পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে।

সাংবাদিকদের পেটানোর হুমকি আব্বাসিকে আইনি নোটিশ

কীর্তনখোলা ডেস্ক

সাংবাদিকদের নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য ও পেটানোর হুমকি দেওয়ার অভিযোগে ইসলামী বক্তা ড. সৈয়দ মুহাম্মদ এনায়েতুল্লাহ আব্বাসীকে আইনি নোটিশ পাঠানো হয়েছে। রোববার (২৫ অক্টোবর) নিম্ন আদালতে কর্মরত সাংবাদিকদের সংগঠন কোর্ট রিপোর্টার্স ইউনিটির কার্যনির্বাহী কমিটির সদস্য আজহারুল ইসলাম সুজনের পক্ষে সুপ্রিম কোর্টের আইনজীবী খাদেমুল ইসলাম এ নোটিশ পাঠান। নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে তাকে বক্তব্য প্রত্যাহার করে নিঃশর্ত ক্ষমা চাইতে বলা হয়েছে। অন্যথায় সাংবাদিক ও সাংবাদিকতা পেশা সম্পর্কে অবমাননাকর বক্তব্য দিয়ে মানহানি, হামলার হুমকি ও উসকানি দেওয়ার অভিযোগে প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণে করা হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে। নোটিশে বলা হয়েছে, গত ১৯ অক্টোবর চাঁদপুর জেলার মতলব উপজেলার নিশ্চিন্তপুর হাফিজিয়া মাদ্রাসার বার্ষিক ওয়াজ ও দোয়া মাহফিলে তিনি বক্তব্য দেন। বক্তব্যের একপর্যায়ে তিনি বলেন, 'সবচেয়ে খারাপ বাংলাদেশের সাংবাদিকগুলো। এগুলোকে কুত্তার মতো পেটানো দরকার।' তিনি আরও বলেন, "একটা যুবক প্রতিমন্ত্রীর দায়িত্বে থেকে তার বাহিনী নিয়ে মাদক সিন্ডিকেটের চেইনকে ভেঙে ফেলার চেষ্টা করেছে। সাংবাদিকরা ইতিবাচক সংবাদটা প্রচার করে নাই, প্রচার করেছে পিস্তল নিয়ে দৌড়িয়েছে। এই সাংবাদিকগুলো হচ্ছে সাংঘাতিক। এরা হলুদ সাংবাদিকতা করে। এরা বিদেশি ইন্টিলিজেন্স ব্রাঞ্চ কর্তৃক পয়সায় চলে। বাংলাদেশ ভালো হোক এটা তারা চায় না। নোটিশে বলা হয়েছে, এই বক্তব্যের মাধ্যমে তিনি নিজে এবং অনুসারীদের মাধ্যমে সাংবাদিকদের পেটানোর যে হুমকি দিয়েছেন, যা সাংবাদিকতার জন্য ভীতিকর পরিবেশ সৃষ্টি করেছে। তিনি যে বক্তব্য দিয়েছেন, তা সাংবাদিকতা পেশা ও পেশাদার সাংবাদিকদের জন্য চরম অবজ্ঞামূলক, মানহানিকর ও নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ।

রিয়াদ-দাম্মামের ১৪৬ ফ্লাইট বাতিল ক্ষতিগ্রস্ত ২২ হাজার যাত্রী

কীর্তনখোলা ডেস্ক

ঢাকা থেকে সৌদি আরবের রিয়াদ ও দাম্মামগামী মোট ১৪৬টি ফ্লাইট বাতিল করা হয়েছে। এর ফলে ভোগান্তিতে পড়ে চরম ক্ষতির মুখে পড়েছেন ২২ হাজার ২৩১ জন যাত্রী। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) সূত্রে জানা

৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ২৬ অক্টোবর ২০২৬ ॥ ১০ কার্তিক ১৪৩৩

হিসাবে ভুল করায় যুক্তরাষ্ট্র ‘সংকটের চোরাবালিতে’ আটকে গেছে: ইরান

কীর্তনখোলা ডেস্ক

গণমাধ্যমে চাপ সৃষ্টি কিংবা সামরিক হুমকি দিয়ে ইরানকে আত্মসমর্পণে বাধ্য করা যাবে- যুক্তরাষ্ট্রের এমন ধারণা ভুল বলে মন্তব্য করেছেন ইরানি পার্লামেন্টের স্পিকার ও শীর্ষ আলোচক মোহাম্মদ বাঘের গালিবাফ। তার দাবি, নিজেদের

৩ এর পাতায় দেখুন

বন বিভাগের ২৫ একর জমি দখল করে তরমুজ চাষ, মামলা

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপা উপজেলার চরবিশ্বাস এলাকায় বন বিভাগের ২৫ একর বনভূমি এক বছরের জন্য কটকবলা দিয়ে তরমুজ চাষের প্রস্তুতি নেওয়ার অভিযোগ উঠেছে। স্থানীয় বিএনপি নেত্রী রেনু আক্তারের ছোট ভাই শাহিন হাওলাদারের বিরুদ্ধে বনভূমি অন্যদের কাছে কটকবলা দেওয়ার অভিযোগ করেছেন স্থানীয় বাসিন্দারা। বন বিভাগের অভিযোগ, ওই জমিতে খননযন্ত্র দিয়ে প্রায় ৫০০ কেওড়া ও ছৈলা গাছ উপড়ে ফেলা হয়েছে। এ ঘটনায় শাহিন হাওলাদারসহ চারজনের বিরুদ্ধে গলাচিপা থানায় মামলা করেছে বন বিভাগ। এর আগে একই অভিযোগে আদালতে মামলা ও থানায় সাধারণ ডায়েরি করা হয়েছিল। পটুয়াখালীর গলাচিপা উপজেলার চরবিশ্বাস এলাকায় বন বিভাগের বনায়ন ধ্বংস করে তরমুজ চাষের প্রস্তুতি নেওয়ার অভিযোগ উঠেছে। বন বিভাগের খতিয়ানভুক্ত ২৫ একর জমি স্থানীয় কয়েকজনের কাছে এক বছরের জন্য কটকবলা দেওয়ার অভিযোগ

৩ এর পাতায় দেখুন

কুয়াকাটা সৈকত পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে কেন্দ্রীয় ছাত্রদল

কুয়াকাট প্রতিনিধি

“পরিচ্ছন্ন সৈকত, ছাত্রদলের অঙ্গীকার” স্লোগান নিয়ে পটুয়াখালীর সাগরকণ্যা খ্যাত কুয়াকাটায় পর্যটন কার্নিভাল ২০২৬ শেষে কুয়াকাটা সমুদ্র সৈকতে পরিছন্নতা কার্যক্রম সম্পন্ন করেছেন জাতীয়তাবাদী কেন্দ্রীয় ছাত্রদল নেতৃবৃন্দ। রবিবার(২৫ অক্টোবর) সকাল সাড়ে দশটায় কুয়াকাটা সৈকতের জিরো পয়েন্ট থেকে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোঃ আমানউল্লাহ আমানের নেতৃত্বে এ পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়ে কুয়াকাটা সৈকতের তিন কিলোমিটার পশ্চিম পর্যন্ত এ কার্যক্রম

৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকণ্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
LRACM
EIIN: 137732
Code: 20830
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
আবাসিক
অনাবাসিক
ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে
আলিম শ্রেণিতে
বালক-বালিকা পৃথক শাখায়
ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বীরমুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধার দাফন সম্পন্ন

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলার মুক্তিযোদ্ধা সংসদ কমান্ডের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধা ৮২ আল্লাহর ডাকে সাড়া দিয়ে নিজ বাড়িতে ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। শনিবার দিবাগত রাত ২টা ৩০ মিনিটে উত্তর শিহিপাশা এলাকার নিজ বাড়িতে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ ছেলে, ৩ মেয়েসহ অসংখ্য আত্মীয় সজন রেখে গেছেন। রবিবার বাদ যোহর গৈলা ইউনিয়নের উত্তর শিহিপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে রাষ্টীয় মর্যাদায় গার্ড অব প্রদান শেষে বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধার জানাজা নামাজের পর তার নিজ বাড়িতে দাফন সম্পন্ন করা হয়েছে। তার মৃত্যুতে গভীর শোক ও তার পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও মন্ত্রীর মর্যাদা জহির উদ্দিন স্বপন এমপি, বিএনপির কেন্দ্রীয় কমিটির বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক ও বরিশাল জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান, বিএনপির কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য এ্যাড কামরুল ইসলাম সজল উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার আগৈলঝাড়া থানার

৩ এর পাতায় দেখুন

মুলাদীতে বিস্ফোরণে আহত ছয় ॥ গোপনে ঢাকায় চিকিৎসা নেয়ার অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মুলাদী উপজেলায় বিস্ফোরণে ছয় যুবক আহত হয়েছেন। তাঁদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। শুক্রবার দিবাগত রাতে উপজেলার সফিপুর ইউনিয়নের উত্তর বালিয়াতলী গ্রামের একটি বাড়িতে এ ঘটনা ঘটে। স্থানীয়দের দাবি, ওই বাড়িতে হাতবোমা তৈরির সময় বিস্ফোরণ ঘটে। তবে বিস্ফোরণের কারণ ও হাতবোমা তৈরির অভিযোগ পুলিশ স্বাধীনভাবে নিশ্চিত করেনি। আহতদের মধ্যে দুজনের পরিচয় জানা গেছে। তাঁরা হলেন উত্তর বালিয়াতলী গ্রামের দাদন হাওলাদারের ছেলে ইয়াকুব হাওলাদার (২২) এবং বাটামারা ইউনিয়নের টুমচর গ্রামের আব্দুর রাজ্জাক মাস্টারের ছেলে সালমান (২১)। বাকি চারজনের

৩ এর পাতায় দেখুন

নদীতে নামতে মানা, ঘরে খাবারের টান, কষ্টে দিন কাটছে জেলেপাড়ায়

ভোলা প্রতিনিধি

নদীতে মাছ ধরায় চলছে নিষেধাজ্ঞা। বন্ধ আয়ের প্রধান উৎস। সংসার চালাতে গিয়ে করতে হচ্ছে ধারদেনা, বাড়ছে ঋণের বোঝা। এমন সংকটের সময়ে সরকারি সহায়তার চালই ছিল ভোলার লালমোহন উপজেলার জেলেদের একমাত্র ভরসা। কিন্তু নির্ধারিত সময় পেরিয়ে গেলেও উপজেলার ছয়টি ইউনিয়নের ১৬ হাজার ৫৭৫ জন জেলে এখনো বরাদ্দের চাল পাননি। এতে পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন জেলেরা। ইলিশের প্রধান প্রজনন মৌসুম উপলক্ষে ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিন মেঘনা ও তেঁতুলিয়া নদীর অভয়াশ্রম এলাকায় সব ধরনের মাছ ধরা নিষিদ্ধ রয়েছে। নিষেধাজ্ঞার এ সময়ে জেলেদের জীবিকা নির্বাহের সহায়তা হিসেবে জনপ্রতি ২৫ কেজি করে ভিজিএফের

৩ এর পাতায় দেখুন



www.bdservicerules.com

সার ডিলার নিয়োগ নীতিমালা ২০২৫: একনজরে মূল তথ্য

মূল পরিবর্তনসমূহ
BCIC
BADC
একক ডিলার
সাব-ডিলার নেই
- BCIC ও BADC একীভূত
- সার-ডিলার প্রথা বাতিল
- প্রতি ইউনিয়নে ৩ জন ডিলার

আবশ্যিক যোগ্যতা
স্থায়ী বাসিন্দা
৫০ মে.টন নিজস্ব/ভাড়া গুদাম
১০ লক্ষ টাকা ব্যাংকে সচ্ছলতা

ফি ও জামানত
আবেদন ফি: ২,০০০৳
আর্নেস্টমানি: ১০,০০০৳
জামানত (Security Deposit): ৫,০০,০০০৳

নির্বাচন ও কার্যক্রম
অগ্রাধিকার: নিজস্ব গুদাম ও অভিজ্ঞতা
৩টি বিক্রয় কেন্দ্র স্থাপন
সরাসরি কৃষককে বিক্রয়

বানারীপাড়ায় স্বজনপ্রীতি ও দলীয় বিবেচনায় সারের ডিলার নিয়োগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বানারীপাড়া উপজেলায় সারের ডিলার নিয়োগের চূড়ান্ত তালিকা নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সদস্য ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রিয়াজ উদ্দিন আহমেদ মৃধার সুপারিশে তাঁর দুই ভাই আরিফ মৃধা ও সোহেল মৃধা ডিলারশিপ পেয়েছেন বলে অভিযোগ উঠেছে। চলতি মাসে তালিকাটি করা হয়েছে বলে জানা গেছে। বানারীপাড়া উপজেলার আটটি ইউনিয়ন ও পৌরসভায় মোট ৯ জনকে সারের ডিলারশিপ দেওয়া হয়েছে। স্বজনপ্রীতি ও দলীয় বিবেচনায় এসব ডিলারশিপ দেওয়ায় প্রকৃত সার ব্যবসায়ীরা বঞ্চিত হয়েছেন

৩ এর পাতায় দেখুন

আগলী নদীতে উদ্ধার মরদেহ
নিখোঁজ আলম ফকির

খালে উদ্ধার মরদেহ নিয়ে সন্দেহ

বাউফলে ৫-৭ দিন ধরে নিখোঁজ আলম ফকির

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে ৫-৭ দিন ধরে নিখোঁজ রয়েছেন পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা আলম ফকির (৪৫)। তাঁর ব্যবহৃত মোবাইল ফোন নম্বরটি বন্ধ রয়েছে। এদিকে, গত ২৩ অক্টোবর পৌরশহরের বাংলাবাজার এলাকার একটি খাল থেকে হাত-পা বাঁধা অবস্থায় অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির মরদেহ উদ্ধারের ঘটনায় নিখোঁজ আলম ফকিরের পরিবারের সদস্যদের মধ্যে

৩ এর পাতায় দেখুন


অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতাল বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড (হোটেল আলী ইন্টাঃ এর বিপরীতে) বরিশাল | সিরিয়ালের জন্যঃ ০১৭৪৩৯৩২০৮৮, ০১৭১৫৮৬৩৭৬৭

নব আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি নির্বাচিত মীর মোর্শেদ সুমন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর নব আদর্শ সরকারি প্রাথমিক বালক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন বিশিষ্ট শিক্ষানুরাগী ও ক্রীড়া সংগঠক মীর হাসান মোর্শেদ সুমন। মীর হাসান মোর্শেদ সুমন বিভিন্ন সামাজিক, রাজনৈতিক, ব্যবসায়িক ও ক্রীড়া সংগঠনের সঙ্গে সম্পৃক্ত থেকে দায়িত্ব পালন করে আসছেন। তিনি ১৫ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক, বটতলা ব্যবসায়ী সমিতির সভাপতি, বরিশাল ফরমার ক্রিকেটারস ক্লাবের সাধারণ সম্পাদক এবং বরিশাল ডায়াবেটিক ও জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক বোর্ডের সম্মানিত সদস্য। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি

৩ এর পাতায় দেখুন

তজুমদ্দিনে নিষেধাজ্ঞা অমান্য করে মাছ শিকার, ১৮ জেলের কারাদণ্ড

ভোলা প্রতিনিধি

ভোলার তজুমদ্দিনে মা ইলিশ রক্ষায় চলমান ২২ দিনের নিষেধাজ্ঞা অমান্য করে মেঘনা নদীতে মাছ শিকারের দায়ে ১৮ জেলেকে বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। এ সময় ২১ জেলেকে আটক করা হলেও অপ্রাপ্তবয়স্ক তিনজনকে মুচলেকা নিয়ে অভিভাবকদের জিম্মায় ছেড়ে দেওয়া হয়। অভিযানে তিনটি মাছ ধরার ট্রলার ও অবৈধ জাল জব্দ করা হয়। রোববার (২৫ অক্টোবর) রাত সোয়া ১২টার দিকে উপজেলার মহিষখালী মাছঘাটসংলগ্ন মেঘনা নদীতে এ অভিযান পরিচালনা করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. বনি আমিনের নেতৃত্বে মৎস্য প্রশাসন এই অভিযান চালায়। উপজেলা মৎস্য অফিস সূত্রে জানা যায়, নিষেধাজ্ঞার সময় নদীতে মাছ শিকারের খবর পেয়ে প্রশাসন সেখানে অভিযান চালিয়ে ২১ জেলেকে হাতেনাতে আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ১৮ জেলেকে সাত দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। দণ্ডপ্রাপ্তরা সবাই তজুমদ্দিন উপজেলার বিভিন্ন এলাকার বাসিন্দা। অভিযান শেষে

৩ এর পাতায় দেখুন

বিএনপির সাবেক নেতার বিরুদ্ধে যুবদল কর্মীকে মারধরের অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের নেছারাবাদে যুবদল কর্মী মো. মারুফ তালুকদারকে মারধরের অভিযোগ উঠেছে। এ ঘটনায় সংবাদ সম্মেলন করে বিচার দাবি করেছেন তিনি। তবে অভিযোগ অস্বীকার করে নেছারাবাদ উপজেলা বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো. নাছির উদ্দীন তালুকদার বলেছেন, তাঁর ভাইয়ের সঙ্গে মারুফের ‘একটু হাতাহাতি’ হয়েছে। শনিবার উপজেলার স্বরূপকাঠি সদর ইউনিয়নের রাহুতকাঠি গ্রামে নিজ বাড়ির সামনে সংবাদ সম্মেলন করেন মারুফ তালুকদার। এ সময় তিনি নাছির উদ্দীন তালুকদার ও তাঁর স্বজনদের বিরুদ্ধে মারধরের অভিযোগ করেন। সংবাদ সম্মেলন চলাকালে ক্যামেরার সামনে ছুটে এসে বাবাকে জড়িয়ে ধরে

৩ এর পাতায় দেখুন

যুবদল কর্মী কাওছার হত্যার বিচারের দাবিতে উজিরপুরে মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে যুবদল কর্মী কাওছার হাওলাদার (৩২) হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার বিকেল উপজেলার পশ্চিম সাতলা একতা বাজারের প্রধান সড়কে স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদল ও এলাকাবাসীর উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়। মানববন্ধনে বক্তারা হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারীসহ জড়িত সবাইকে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান। একই সঙ্গে হত্যার নেপথ্য কারণ উদঘাটন এবং মামলার এজাহারভুক্ত আসামিদের অবিলম্বে গ্রেপ্তার করা না হলে আরও কঠোর কর্মসূচি দেওয়ার হুঁশিয়ারি দেন তারা।

৩ এর পাতায় দেখুন

বরিশাল ক্যাডেট কলেজ এলাকায় ডোবায় ইতালি পরিবহনের বাস

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কে সংস্কারের অভাবে সড়ক দুর্ঘটনা যেন নিত্যদিনের সঙ্গী হয়ে দাঁড়িয়েছে। প্রতিদিনই কোনো না কোনো স্থানে দুর্ঘটনা ঘটছে এবং বাড়ছে হতাহতের সংখ্যা। রোববার (২৫ অক্টোবর) সকালে এই মহাসড়কের বরিশাল ক্যাডেট কলেজ এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে ‘ইতালি পরিবহন’ নামের একটি বাস সড়কের পাশের ডোবায় পড়ে যায়। তবে এ ঘটনায় বড় ধরনের কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সকালের দিকে ৩৬ সিটের বাসটি ঢাকা থেকে পিরোজপুরের মঠবাড়িয়ার উদ্দেশ্যে ছেড়ে আসে। পথিমধ্যে বরিশাল

৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com